"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

বিজ্ঞপ্তি

তারিখ ০৮ নভেম্বর ২০২৩

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন) এর ধারা ২৪(১) এবং Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর Section 33(3) এর Clause (b) এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এতদ্বারা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০২৩ এর খসড়া বিধিমালার উপর সংশ্লিষ্ট সকলের মতামত, পরামর্শ বা আপত্তি আহবান করিবার নিমিত্তে গত ২৩ নভেম্বর ২০২৩ তারিখে ০২ (দুই) সপ্তাহ সময় প্রদান করিয়া কমিশনের ওয়েবসাইটে এবং পরবর্তীতে সংবাদপত্রে বিজ্ঞপ্তি প্রকাশ করে।

উক্ত খসড়া বিধিমালার উপর মতামত, পরামর্শ বা আপত্তি প্রদানের সময়সীমা আগামী ৩০ নভেম্বর ২০২৩ তারিখ পর্যন্ত বর্ধিত করা হইলো।

উল্লেখ্য যে, উক্ত খসড়া বিধিমালা নিম্নোক্ত ওয়েব লিংকে এবং QR code স্ক্যান করিবার মাধ্যমে পাওয়া যাইবেঃ

* খসড়া বিধিমালা ডাউনলোড করিবার ওয়েব লিংক:

https://sec.gov.bd/crequest/Stock_Broker_Dealer_Rules-2023_08.11.2023.pdf

* খসড়া বিধিমালা প্রাপ্তির QR code:

মতামত, পরামর্শ বা আপত্তি প্রেরণের ঠিকানা:

চেয়ারম্যান

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি, আগারগাঁও
শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা
ঢাকা-১২০৭
ই-মেইল: chairman@sec.gov.bd এবং প্রতিলিপি: farzana.yeasmin@sec.gov.bd

**প্রজ্ঞাপন**

**তারিখ**___________

নং-বিএসইসি/সিএমআরআরসি/_____/প্রশাসন/____ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন) এর ধারা ২৪(১) এবং Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর Section 33(3) এর Clause (b) এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, পূর্ব প্রকাশের পর, নিম্নবর্ণিত বিধিমালা প্রণয়ন করিলঃ-

## প্রথম অধ্যায়
## প্রারম্ভিক

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন ।-** বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০২৩ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**— (১) বিষয় বা প্রসংগের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(ক) "অনুমোদিত প্রতিনিধি" অর্থ এই বিধিমালার অধীন নিবন্ধিত কোন ব্যক্তি যিনি কোন স্টক-ডিলার বা স্টক-ব্রোকারের প্রতিনিধি হিসাবে সিকিউরিটি ক্রয়-বিক্রয় ও এতদ্‌সংক্রান্ত কার্যাদি সম্পাদন করেন;

(খ) "অধ্যাদেশ" অর্থ Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969);

(গ) "আইন" অর্থ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন);

(ঘ) "আর্থিক বিবরণী" বলিতে কোন স্টক-ডিলার বা স্টক-বোকার এর অন্তর্বর্তীকালীন বা চূড়ান্ত স্থিতিপত্র, আয় বিবরণী বা লাভ ও লোকসান হিসাব, ইক্যুইটি পরিবর্তনের বিবরণী, নগদ প্রবাহ বিবরণী, টীকা ও অপরাপর বিবরণী এবং ইহাদের উপর ব্যাখ্যামূলক বিবৃতিকে বুঝাইবে;

(ঙ) "ট্রেডিং রাইট এনটাইটেলমেন্ট সার্টিফিকেট (ট্রেক)" বলিতে এক্সচেঞ্জেস ডিমিউচ্যুয়ালাইজেশন আইন, ২০১৩ (২০১৩ সনের ১৫ নং আইন) এর ধারা ২(৮) এ সংজ্ঞায়িত "ট্রেডিং রাইট এনটাইটেলমেন্ট সার্টিফিকেট (ট্রেক)" বুঝাইবে;

(চ) "ট্রেকহোল্ডার" বলিতে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (ট্রেডিং রাইট এনটাইটেলমেন্ট সার্টিফিকেট) বিধিমালা, ২০২০ এর বিধি ২(১)(ট) এ সংজ্ঞায়িত "ট্রেকহোল্ডার বা ট্রেকধারী বা ট্রেকধারক" বুঝাইবে;"

(ছ) "তফসিল" অর্থ এই বিধিমালার কোন তফসিল;

(জ) "আবেদনকারী" অর্থ কোন ট্রেকহোল্ডার যিনি স্টক-ডিলার বা স্টক-ব্রোকার নিবন্ধন সনদের জন্য বা কোন ব্যক্তি, যিনি অনুমোদিত প্রতিনিধি হিসাবে নিবন্ধন সনদের জন্য এই বিধিমালার বিধি-৩ মোতাবেক আবেদন দাখিল করিয়াছেন;

(ঝ) "নিবন্ধন সনদ" অর্থ এই বিধিমালার অধীন প্রদত্ত কোন নিবন্ধন সনদ;

(ঞ) "ফরম" অর্থ প্রথম তফসিল-এ বিধৃত কোন ফরম;

(ট) "বাজার মধ্যস্থাতাকারী" অর্থ আইনের ধারা-১০ (১)-এ বর্ণিত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান;

(ঠ) "ব্যক্তি" বলিতে কোন কোম্পানি বা সংবিধিবদ্ধ সংস্থাকেও বুঝাইবে;

(ড) "মার্জিন হিসাব" (Margin Account) বলিতে স্টক ব্রোকার কর্তৃক উহার কোন মক্কেলকে কোন যোগ্য সিকিউরিটিতে (Marginable Securities) বিনিয়োগের জন্য অগ্রীম সুবিধা প্রদানের নিমিত্ত সংরক্ষিত হিসাবকে বুঝাইবে।

(ঢ) "স্টক-ডিলার" অর্থ এই বিধিমালার অধীন নিবন্ধিত কোন ব্যক্তি যিনি নিজস্ব হিসাবে সিকিউরিটি ক্রয় ও বিক্রয় করিয়া থাকেন;

(ন) "স্টক-ব্রোকার" অর্থ এই বিধিমালার অধীন নিবন্ধিত কোন ব্যক্তি যিনি অন্য কাহারো পক্ষে সিকিউরিটি ক্রয় ও বিক্রয় করিয়া থাকেন;

(২) প্রসঙ্গের প্রয়োজনে ভিন্নরূপ না হইলে, এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা দেওয়া হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of

1969), ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৪ নং আইন), বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন), আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ২৭ নং আইন), কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন), ডিপজিটরি আইন, ১৯৯৯ (১৯৯৯ সনের ৬ নং আইন), বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন), এক্সচেঞ্জেস ডিমিউচ্যুয়ালাইজেশন আইন, ২০১৩ (২০১৩ সনের ১৫ নং আইন) এবং তদধীন প্রণীত বিধি-বিধান সমূহে যে অর্থে ব্যবহৃত হইয়াছে উক্ত শব্দ বা অভিব্যক্তি সেই অর্থ বহন করিবে।

## দ্বিতীয় অধ্যায়
## নিবন্ধন সনদ মঞ্জুর, নামঞ্জুর, ইত্যাদি।

৩। **নিবন্ধন সনদের জন্য আবেদন।**— (১) কোন ব্যক্তি, এই বিধিমালার অধীন স্টক-ডিলার বা স্টক-ব্রোকার হিসাবে নিবন্ধন সনদ গ্রহণ ব্যতীত কোন সিকিউরিটি ক্রয়-বিক্রয় ও এতদ্‌সংক্রান্ত কার্যাদি সম্পাদন করিতে পারিবে না।

(২) কোন ব্যক্তি, এই বিধিমালার অধীন নিবন্ধন সনদ গ্রহণ ব্যতীত, স্টক ডিলার বা স্টক ব্রোকার এর অনুমোদিত প্রতিনিধি হিসাবে কোন সিকিউরিটি ক্রয়-বিক্রয় ও এতদ্‌সংক্রান্ত কার্যাদি সম্পাদন করিতে পারিবে না।

(৩) নিবন্ধন সনদ প্রাপ্তির জন্য নিম্নবর্ণিত ফরমে আবেদন দাখিল করিতে হইবে, যথাঃ-

(ক) স্টক-ডিলারের ক্ষেত্রে, ফরম ক-তে এবং দুই লক্ষ টাকা আবেদন ফি জমা প্রদান করিয়া;

(খ) স্টক-ব্রোকারের ক্ষেত্রে, ফরম খ-তে এবং দুই লক্ষ টাকা আবেদন ফি জমা প্রদান করিয়া;

(গ) অনুমোদিত প্রতিনিধির ক্ষেত্রে, ফরম গ-তে এবং পাঁচ হাজার টাকা আবেদন ফি জমা প্রদান করিয়াঃ

তবে শর্ত থাকে যে, দফা (ক), (খ) ও (গ)-এ উল্লিখিত আবেদন ফি অফেরৎযোগ্য হইবে।

(৪) স্টক-ডিলার, স্টক-ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধি হিসেবে নিবন্ধন সনদের জন্য উপ-বিধি (৩) এ নির্ধারিত আবেদন ফি, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার বা ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার বা মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসের মাধ্যমে জমাকরতঃ জমাকরণ রসিদ বা প্রমাণকসহ, সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জের সুপারিশ এবং আবেদন উক্ত স্টক এক্সচেঞ্জের মাধ্যমে কমিশনে দাখিল করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ উহার সুপারিশ প্রদানের পূর্বে সংশ্লিষ্ট আবেদনকারী কর্তৃক দাখিলকৃত কাগজপত্রাদি ও তথ্যাদি পরীক্ষা-নিরীক্ষা পূর্বক ফরম-'জ' (অনুমোদিত প্রতিনিধির জন্যে প্রযোজ্য হইবে না) পূরণ করিয়া ফরম-'ক' ও 'খ' এর সহিত সংযুক্ত করিয়া দিবেঃ

তবে আরো শর্ত থাকে যে, কমিশন কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে ডিজিটাল সনদের জন্য আবেদন এবং প্রয়োজনীয় প্রমাণক-কাগজপত্র ও দলিলাদি অনলাইনে সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জে বা কমিশনে দাখিল করা যাইবে।

৪। **নিবন্ধন সনদ মঞ্জুরীর জন্য যোগ্যতা ও অন্যান্য পরিপালনীয় শর্তাবলী।—(১)** কোন ব্যক্তি স্টক-ডিলার বা স্টক-ব্রোকার হিসাবে নিবন্ধন সনদ প্রাপ্তির যোগ্য হইবে না, যদি -

(ক) উহা কোন স্টক এক্সচেঞ্জের ট্রেকহোল্ডার না হয়;

(খ) উহা কোন মার্চেন্ট ব্যাংকার, পোর্টফোলিও ম্যানেজার, মিউচ্যুয়াল ফান্ড, অল্টারনেটিভ ইনভেস্টমেন্ট ফান্ড বা এরূপ সমন্বিত বিনিয়োগ স্কীমের ট্রাস্টি, হেফাজতকারী কিংবা সম্পদ ব্যবস্থাপক বা ফান্ড ম্যানেজার হয়;

(গ) উহা কোন কোম্পানী বা সংবিধিবদ্ধ সংস্থা না হয়;

(ঘ) উহার নগদে পরিশোধিত মূলধনের পরিমাণ নিম্নোক্ত হারে না হয়ঃ

(অ) সম্পূর্ণ দেশীয় শেয়ারহোল্ডারের মালিকানাধীন কোন কোম্পানী বা সংবিধিবদ্ধ সংস্থা স্টক-ব্রোকার হিসাবে আবেদন করিলে উহার ন্যূনতম পরিশোধিত মূলধন ০৫ (পাঁচ) কোটি টাকা থাকিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, দেশি-বিদেশি শেয়ারহোল্ডারের যৌথ উদ্যোগে গঠিত কোন কোম্পানি স্টক-ব্রোকার হিসাবে আবেদন করিলে উহার ন্যূনতম পরিশোধিত মূলধন ০৮ (আট) কোটি টাকা থাকিতে হইবে:

আরো শর্ত থাকে যে, সম্পূর্ণ বিদেশি মালিকানাধীন কোন কোম্পানি স্টক-ব্রোকার হিসেবে আবেদন করিলে উহার ন্যূনতম পরিশোধিত মূলধন ১০ (দশ) কোটি টাকা হইতে হইবে;

(আ) স্টক-ডিলার হিসাবে কার্যক্রমের জন্য ন্যুনতম পরিশোধিত মূলধন ১০ (দশ) কোটি টাকা থাকিতে হইবে;

(ই) কোন আবেদনকারী একইসাথে স্টক-ডিলার ও স্টক ব্রোকারের সনদের জন্য আবেদন করিলে উহার ন্যূনতম পরিশোধিত মূলধন ১৫ (পনের) কোটি টাকা থাকিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, দেশি-বিদেশি শেয়ারহোল্ডারের যৌথ উদ্যোগে গঠিত কোন কোম্পানি বা সম্পূর্ণ বিদেশী মালিকানাধীন কোম্পানী হইলে উহার ন্যূনতম পরিশোধিত মূলধন ২০ (বিশ) কোটি টাকা হইতে হইবে;

(ঈ) কোন স্টক ব্রোকার কর্তৃক মার্জিন হিসাব (Margin Account) ব্যবস্থাপনা করিতে চাহিলে দফা (অ) এ উল্লিখিত ন্যূনতম পরিশোধিত মূলধনের অতিরিক্ত ১০ (দশ) কোটি টাকা মূলধন থাকিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, বিদ্যমান কোন স্টক ব্রোকার কর্তৃক মার্জিন হিসাব (Margin Account) ব্যবস্থাপনা করিলে Bangladesh Securitirs and Exchange Commission (Risk Based Capital Adequacy) Rules, 2019 অনুযায়ী উহাকে মোট মূলধন (Total Capital) সংরক্ষণ সংক্রান্ত বিধানাবলী বা শর্তাদি পরিপালন করিতে হইবে;

(উ) কোন স্টক-ডিলার বা স্টক-ব্রোকার যদি একাধিক স্টক এক্সচেঞ্জের ট্রেকহোল্ডার হয় তাহা হইলে উহার ক্ষেত্রে উপ-বিধি (১) এর দফা (ঘ) এ বর্ণিত ন্যূনতম পরিশোধিত মূলধনের পরিমাণ উহার ট্রেক সংখ্যার গুণীতক হইতে হইবে;

(ঊ) প্রত্যেক স্টক-ডিলার বা স্টক-ব্রোকার কর্তৃক উহার পরিশোধিত মূলধনের অন্ততঃ ৭৫% (শতকরা পঁচাত্তর ভাগ) সার্বক্ষণিক নীট সম্পদ (net worth) সংরক্ষণ করিতে বা থাকিতে হইবে।

(ঋ) এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশ হইবার তারিখ হইতে ০২ (দুই) বছরের মধ্যে বিদ্যমান সকল স্টক-ডিলার বা স্টক-ব্রোকার কে উপ-দফা (অ) হইতে (ঈ)-এ উল্লিখিত ন্যূনতম পরিশোধিত মূলধনের শর্ত পরিপালন করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, বিশেষ পরিস্থিতিতে কোন স্টক-ডিলার বা স্টক-ব্রোকার কর্তৃক উক্ত শর্ত পরিপালন করিতে ব্যর্থ হইলে কমিশন এতদুদ্দেশ্যে সময় বৃদ্ধি করিতে পারিবে;

(এ) প্রত্যেক স্টক-ডিলার এর ক্ষেত্রে সরকারি সিকিউরিটিজসহ পুঁজিবাজারে গড় বিনিয়োগ উহার ন্যূনতম পরিশোধিত মূলধনের ৭৫% (শতকরা পঁচাত্তর ভাগ) এর কম হইবে না।

ব্যাখ্যাঃ "গড় বিনিয়োগ"বলিতে বিনিয়োগের সমষ্টিকে মোট ট্রেডিং দিবস দ্বারা ভাগ করিলে যে ফলাফল পাওয়া যায় তাহাকে বুঝাইবে; যথা,- গড় বিনিয়োগ= বার্ষিক ভারিত বিনিয়োগের সমষ্টি (Annual Cumulitive Weighted Average) (দৈনিক ভিত্তিক ভারিত)/ মোট বার্ষিক ট্রেডিং দিবস;

(ঐ) প্রত্যেক স্টক-ডিলার বা স্টক-ব্রোকার কর্তৃক উহার পরিশোধিত মূলধনের অন্ততঃ ৭৫% (শতকরা পঁচাত্তর ভাগ) সার্বক্ষণিক নীট সম্পদ (net worth) সংরক্ষণ করিতে বা থাকিতে হইবে।

(ঙ) উহার পরিচালনা পর্ষদের সদস্যের মধ্যে ৫০% এর বেশি উহার উদ্যোক্তা কোম্পানির পরিচালনা পর্ষদের সদস্য হন;

তবে শর্ত থাকে যে, নিবন্ধন প্রাপ্তির ৬ (ছয়) মাসের মধ্যে বা এই বিধিমালা কার্যকর হইবার তারিখ হইতে ৩ (তিন) মাসের মধ্যে, যাহা আগে সংঘটিত হয়, স্টক-ব্রোকার উহার মক্কেলের মধ্য হইতে বিনিয়োগকারী প্রতিনিধি হিসাবে অন্ততঃ ০১ (এক) জনকে পরিচালক মনোনয়ন/নির্বাচিত করিবে ;

(চ) উহা বা উহার পরিচালকমন্ডলীর কোন সদস্য জালিয়াতি, প্রতারণামূলক বা অসাধু কার্যকলাপজনিত কোন ফৌজদারী অপরাধের দায়ে উপযুক্ত আদালত কর্তৃক দন্ডিত হয় এবং দন্ডভোগের পর ০৫ (পাঁচ) বৎসরকাল অতিবাহিত না হইয়া থাকে;

(ছ) উহা Bangladesh Securities and Exchange Commission (Risk Based Capital Adequacy) Rules, 2019 এর মূলধন পর্যাপ্ততা পরিপালনে ব্যর্থ হয়;

(জ) উহা বা উহার পরিচালকমন্ডলীর কোন সদস্য বাংলাদেশ ব্যাংকের Credit Information Bureau (CIB) কর্তৃক প্রদত্ত প্রতিবেদন মোতাবেক ঋণ খেলাপী বলিয়া চিহ্নিত হয়;

(ঝ) উহা বা উহার পরিচালকমন্ডলীর কোন সদস্য কমিশন কর্তৃক বাতিলকৃত কোন স্টক-ডিলার বা স্টক-ব্রোকার বা বাজার মধ্যস্থতাকারীর পরিচালকমন্ডলীর সদস্য হন;

(ঞ) উহা বা উহার পরিচালকমন্ডলীর কোন সদস্য উপযুক্ত আদালত বা কর্তৃপক্ষ কর্তৃক দেউলিয়া বা বিকারগ্রস্ত বলিয়া ঘোষিত হয় এবং উক্ত দেউলিয়াত্বের বা বিকারগ্রস্তের দায় হতে অব্যহতি লাভ করার পর ০৩ (তিন) বৎসরকাল অতিবাহিত না হইয়া থাকে; এবং

(ট) উহা, এই বিধিমালা মোতাবেক প্রধান নির্বাহী কর্মকর্তা (Chief Executive Officer) এবং পরিপালন কর্মকর্তা (compliance officer) হিসাবে নিয়োগদান না করে।

(২) উহার কার্যক্রম পরিচালনার জন্য পৃথক অফিস বা অফিস কক্ষ, অপারেশনাল কার্যক্রমের জন্য স্টক-ডিলার ও স্টক-ব্রোকার এর ক্ষেত্রে পৃথক ট্রেডিং ওয়ার্কস্টেশন (Trading Workstation) এবং সামগ্রিক তথ্য ব্যবস্থাপনা ও তথ্যের নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য যথাপযুক্ত তথ্য-প্রযুক্তিগত পরিকাঠামো -সহ পৃথক লোকবল না থাকে এবং উভয় ক্ষেত্রে আলাদা হিসাব বহি সংরক্ষণ করিতে ব্যার্থ হয়;

(৩) একাধিক স্টক এক্সচেঞ্জের ট্রেকহোল্ডার হয় তাহা হইলে উহার ক্ষেত্রে উপ-বিধি (১) এর উপ-দফা **(অ)** হইতে (ঈ) এ বর্ণিত ন্যূনতম পরিশোধিত মূলধনের পরিমাণ উহার ট্রেক সংখ্যার গুণীতক হইতে হইবে।

(৪) কোন স্টক-ডিলার বা স্টক-ব্রোকার এর কোন সাবসিডিয়ারি বা এসোসিয়েট কোম্পানি থাকিতে পারিবে না।

(৫) কোন স্টক-ব্রোকার উহার কোন অফিস বা ব্রাঞ্চ বা ডিজিটাল বুথ কোন এজেন্ট দ্বারা পরিচালিত করিতে পারিবে না।

**(৬) কোন ব্যক্তি অনুমোদিত প্রতিনিধি হিসাবে নিবন্ধন সনদ প্রাপ্তির যোগ্য হইবেন না, যদি তিনি-**

(ক) বাইশ (২২) বৎসরের কম বয়স্ক হন;

(খ) স্নাতক বা সমমানের শিক্ষাগত যোগ্যতার অধিকারী না হন;

(গ) সিকিউরিটি বিষয়ে কমিশন কর্তৃক পরিচালিত বা অনুমোদিত সার্টিফিকেট কোর্স বা প্রশিক্ষণ কর্মসূচী বা তৎকর্তৃক স্বীকৃত কোন প্রতিষ্ঠান হইতে সিকিউরিটি ক্রয়-বিক্রয় ও এতদ্‌সংক্রান্ত কার্যাদি সম্পাদন বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত না হন, অথবা কমিশন কর্তৃক জারীকৃত আদেশ দ্বারা নির্ধারিত মেয়াদের অভিজ্ঞতা সম্পন্ন না হন;

(ঘ) জালিয়াতি, প্রতারণামূলক বা অসাধু কার্যকলাপজনিত কোন ফৌজদারী অপরাধের দায়ে উপযুক্ত আদালত কর্তৃক দন্ডিত হন এবং দন্ডভোগের পর ০৫ (পাঁচ) বৎসরকাল অতিবাহিত না হইয়া থাকে;

(ঙ) কমিশন বা কোন স্টক এক্সচেঞ্জ কর্তৃক সিকিউরিটিজ আইন ভঙ্গ বা পরিপালনে ব্যর্থতা বা জালিয়াতি, প্রতারণামূলক কার্যকলাপ জনিত কারণে কোন প্রকার শাস্তি পাইয়া থাকেন এবং উক্ত শাস্তিভোগের পর ০৫ (পাঁচ) বৎসরকাল অতিবাহিত না হইয়া থাকে; অথবা

(চ) উপযুক্ত আদালত বা কর্তৃপক্ষ কর্তৃক দেউলিয়া বা বিকারগ্রস্ত বলিয়া ঘোষিত হন এবং উক্ত দেউলিয়াত্বের বা বিকারগ্রস্তের দায় হতে অব্যহতি লাভ করার পর ০৩ (তিন) বৎসরকাল অতিবাহিত না হইয়া থাকে।

(৭) নিবন্ধিত অনুমোদিত প্রতিনিধি কোন স্টক-ডিলার বা স্টক- ব্রোকারের সহিত সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ কর্তৃক নির্ধারিত ও কমিশন কর্তৃক অনুমোদিত চুক্তিপত্র সম্পাদন না করিয়া উক্ত স্টক-ডিলার বা স্টক-ব্রোকারের নিয়োগপ্রাপ্ত অনুমোদিত প্রতিনিধি হিসাবে কাজ করিতে পারিবেন না।

৫। **নিবন্ধন সনদ মঞ্জুর বা না মঞ্জুর, ইত্যাদি।—** (১)বিধি ৩ এ বর্ণিত আবেদনকারী সংশ্লিষ্ট ফরমে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্র এবং কমিশন কর্তৃক নির্দেশিত হইলে অতিরিক্ত তথ্যাদি এবং কাগজ পত্র কমিশনে দাখিল করিতে হইবে।

(২) নিবন্ধন সনদ মঞ্জুরির আবেদন বিবেচনা করিবার ক্ষেত্রে, কমিশন আবেদনকারীকে, বা সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জকে, সিকিউরিটিজ লেনদেন (Trading) বা নিষ্পত্তি সম্পর্কিত বিষয়ে প্রয়োজনীয় আরও তথ্যাদি তলব করিতে বা কোন বিষয়ের স্পষ্টীকরণের জন্য শুনানীতে উপস্থিত হওয়ার জন্য নির্দেশ দিতে পারিবেঃ

তবে শর্ত থাকে যে, আবেদনকারী বা উহার প্রধান নির্বাহী কর্মকর্তা (Chief Executive Officer), যদি প্রয়োজন হয়, ব্যক্তিগত ভাবে বা প্রতিনিধির মাধ্যমে কমিশনের শুনানীতে উপস্থিত হইবেন৷

(৩) বিধি-৪ এর অধীনে দাখিলকৃত আবেদনটি বিবেচনা করতঃ আবেদনকারী কর্তৃক বিধি-৫-এ বর্ণিত শর্তাবলী পরিপালন সাপেক্ষে কমিশন সন্তুষ্ট হইলে এবং আবেদন সংক্রান্ত প্রয়োজনীয় যাবতীয় তথ্য প্রাপ্তির অনধিক পঁয়তাল্লিশ দিনের মধ্যে কমিশন উক্ত আবেদন মঞ্জুর করিয়া ফরম ঘ , ঙ ও চ-তে নিবন্ধন সনদ প্রদান করিবে, অন্যথায় উক্ত সময়ের মধ্যে লিখিত কারণ উল্লেখপূর্বক উহা নামঞ্জুর করিবে এবং উক্ত সিদ্ধান্ত আবেদনকারীকে জানাইয়া দিবেঃ

তবে শর্ত থাকে যে, নিবন্ধন সনদ মঞ্জুর করা হইলে স্টক-ডিলার বা স্টক-ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধি কর্তৃক বিধি-৬-এ নির্ধারিত নিবন্ধন ফি কমিশন বরাবর জমা প্রদান করিতে হইবে।

(৪) কমিশন প্রচলিত কাগজের সনদের পরিবর্তে অবিকল প্রতিলিপি হিসাবে ডিজিটাল সনদ ইস্যু করিতে পারিবে, যাহাতে সনদের ডিজিটাল সত্যতা যাচাইয়ের উপায় অঙ্কিত থাকিবে।

(৫) স্টক-ডিলার বা স্টক-ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধিকে প্রদত্ত নিবন্ধন সনদ কোনভাবেই হস্তান্তর করা যাইবে না কিংবা কোন ব্যক্তির নিকট এই সনদ বিক্রয়, দান, বন্ধক, লীজ কিংবা অন্য কাহাকেও এই সনদের অধীনে সিকিউরিটি ক্রয়-বিক্রয় বা উহার কারবার করিবার সুযোগ প্রদান করা যাইবে না।

৬। **নিবন্ধন সনদ ফি।—** (১) স্টক-ডিলার বা স্টক-ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধি হিসাবে নিবন্ধন সনদ মঞ্জুর করা হইলে উক্ত আবেদনকারী স্টক-ডিলার বা স্টক-ব্রোকার এবং অনুমোদিত প্রতিনিধি কর্তৃক নিবন্ধন সনদ বাবদ যথাক্রমে পাঁচ লক্ষ টাকা এবং পাঁচ হাজার টাকা কমিশন বরাবর জমা প্রদান করিবে।

(২) কমিশনের অনুকূলে পে-অর্ডার, ব্যাংক ড্রাফট, ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার বা মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসের মাধ্যমে উক্ত ফিস জমা প্রদান করা যাইবে।

৭। **নিবন্ধন সনদের মেয়াদ।-** বিধি ৫ এর অধীন প্রদত্ত স্টক- ডিলার বা স্টক- ব্রোকার এবং অনুমোদিত প্রতিনিধির নিবন্ধন সনদের মেয়াদ হইবে উহা প্রদানের তারিখ হইতে পাঁচ বৎসরঃ

তবে শর্ত থাকে যে, নিবন্ধনের শর্ত বা এই বিধিমালার কোন বিধান লংঘন বা সিকিউরিটিজ সংক্রান্ত অন্য কোন বিধিবিধান লংঘনের কারনে মেয়াদপূর্তির পূর্বেই কমিশন বিধি-১০ অনুযায়ী উহার নিবন্ধন সনদ স্থগিত বা বাতিল করিতে পারিবে।

**৮। বার্ষিক ফি।–** (১) স্টক-ডিলার বা স্টক-ব্রোকার কর্তৃক প্রতি অর্থ বৎসর শুরুর প্রথম মাসের মধ্যে, অর্থাৎ ৩১শে জুলাই তারিখের মধ্যে বার্ষিক ফি বাবদ পঞ্চাশ হাজার টাকা কমিশনের অনুকূলে পে-অর্ডার, ব্যাংক ড্রাফট, ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার বা মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসের মাধ্যমে জমা প্রদান করিবে।

(২) উপ-বিধি (১) এ নির্ধারিত সময়ের মধ্যে বার্ষিক ফি দাখিল করিতে ব্যর্থ হইলে প্রতিদিন বিলম্বের জন্য স্টক- ডিলার বা স্টক -ব্রোকার এক হাজার টাকা হারে বিলম্ব ফি জমা প্রদান করিতে হইবে।

৯। **নিবন্ধন সনদ নবায়ন।-** (১) স্টক-ডিলার বা স্টক-ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধি কর্তৃক উহার নিবন্ধন সনদ নবায়নের উদ্দেশ্যে উহার মেয়াদ পূর্তির অন্যূন ৪৫ (পঁয়তাল্লিশ) দিন পূর্বে সনদের মূল কপিসহ ফরম ছ-তে আবেদন করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, সনদের মেয়াদ পূর্তির পূর্বে অনুমোদিত প্রতিনিধিকে কমিশন কর্তৃক নির্ধারিত সার্টিফিকেট কোর্সে উত্তীর্ণ হইতে হইবে।

(২) স্টক-ডিলার বা স্টক-ব্রোকার কর্তৃক বিধি ৮ এ নির্ধারিত বার্ষিক ফি (যদি বকেয়া থাকে) সহ এক লক্ষ টাকা নিবন্ধন সনদ নবায়ন বাবদ ফিস কমিশন বরাবরে ব্যাংক ড্রাফট বা পে অর্ডার অথবা ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার বা মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসের মাধ্যমে জমাকরতঃ জমাকরণ রসিদ বা প্রমাণক দাখিল করিতে হইবে।

(৩) অনুমোদিত প্রতিনিধি কর্তৃক পাঁচ হাজার টাকা নিবন্ধন সনদ নবায়ন বাবদ ফিস কমিশন বরাবরে ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার অথবা ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার বা মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসের মাধ্যমে জমাকরতঃ জমাকরণ রসিদ বা প্রমাণক দাখিল করিতে হইবে।

(৪) উপ-বিধি (১) এ নির্ধারিত সময়ের মধ্যে আবেদন দাখিল করিতে ব্যর্থ হইলে প্রতিদিন বিলম্বের জন্য স্টক-ডিলার ও স্টক- ব্রোকারের ক্ষেত্রে এক হাজার টাকা এবং অনুমোদিত প্রতিনিধির ক্ষেত্রে পাঁচশত টাকা হিসাবে অতিরিক্ত ফিস আবেদনের সাথে কমিশন বরাবরে জমা করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, অনুমোদিত প্রতিনিধিদের ক্ষেত্রে উক্ত অতিরিক্ত ফিস এর পরিমাণ বিশ হাজার টাকার বেশী হইবে নাঃ

আরও শর্ত থাকে যে, নিবন্ধন সনদের মেয়াদ শেষ হইবার পরবর্তী এক বছরের মধ্যে কোন অনুমোদিত প্রতিনিধি নিবন্ধন সনদ নবায়ন না করিলে তাহার নিবন্ধন সনদ বাতিল বলিয়া গণ্য হইবে। এইরূপ ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি পঁচিশ হাজার টাকা

নিবন্ধন ফিস প্রদান ও পূর্বের নিবন্ধন সনদ জমা সহ বিধি -৩ ও ৪ এর অন্যান্য বিধানাবলী পরিপালন সাপেক্ষে পুনরায় নিবন্ধন সনদ লাভের জন্য আবেদন করিতে পারিবেন।

(৫) নিবন্ধন সনদ নবায়নের উদ্দেশ্যে আবেদন ফরম এর নির্দিষ্ট অংশ সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ কর্তৃক পূরণ করাইয়া ফরমটি উক্ত স্টক এক্সচেঞ্জের মাধ্যমে কমিশনে দাখিল করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ ফরমের নির্দিষ্ট অংশ পূরণ করিবার পূর্বে আবেদনকারী কর্তৃক দাখিলকৃত কাগজপত্রাদি ও তথ্যাদি পরীক্ষা-নিরীক্ষা পূর্বক ফরম-'ঝ' পূরণ করিয়া ফরম 'ছ' এর সহিত সংযুক্ত করিয়া দিবেঃ

তবে আরো শর্ত থাকে যে, কমিশন কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে ডিজিটাল সনদ নবায়নের জন্য আবেদন এবং প্রয়োজনীয় প্রমাণক-কাগজপত্র ও দলিলাদি অনলাইনে সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ বা কমিশনে দাখিল করা যাইবে।

(৬) নবায়নের আবেদন এই বিধিমালা অনুযায়ী যথাযথভাবে পেশ করা হইলে কমিশন নিবন্ধন সনদের সংশ্লিষ্ট ছকে উহার সর্বশেষ মেয়াদ হইতে স্টক-ডিলার বা স্টক-ব্রোকারের নিবন্ধন সনদ পরবর্তী তিন বৎসর এবং অনুমোদিত প্রতিনিধির নিবন্ধন সনদ পরবর্তী পাঁচ বৎসরের জন্য নবায়ন করিবেঃ

তবে শর্ত থাকে যে, বিধি-৪ এর শর্তাবলী পূরণ করিতে ব্যর্থ হইলে বা Securities and Exchange Rules, 2020 এর বিধান পরিপালনে ব্যর্থ হইলে বা মক্কেলের অর্থ ও সিকিউরিটিজে ঘাটতি থাকিলে উহার নিবন্ধন সনদ নবায়ন এর আবেদন মঞ্জুর করা যাইবে না।

১০। **নিবন্ধন সনদ বাতিল, স্থগিতকরণ ইত্যাদি।–** (১) উপ-বিধি (৬) এর বিধানাবল ক্ষুন্ন না করিয়া, কোন স্টক-ডিলার, স্টক-ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধি বিধি ৪ অনুসারে তাহার যোগ্যতা হারাইলে, বা আইন, অধ্যাদেশ, Securities and Exchange Rule, 2020 বা এই বিধিমালার কোন বিধান লংঘন করিলে বা নিবন্ধন সনদের কোন শর্ত ভঙ্গ করিলে, বা দ্বিতীয় তফসিলে বর্ণিত কোন আচরণবিধি অমান্য করিলে বা তৃতীয় তফসিলে বর্ণিত শর্তাবলী পরিপালন না করিয়া ব্রাঞ্চ বা ডিজিটাল বুথের কার্যক্রম পরিচালনা করিলে, কমিশন তাহার নিবন্ধন সনদ বাতিল কিংবা তাহাকে আইনের অধীনে অর্থদন্ডে দন্ডিত করিতে পারিবেঃ

তবে শর্ত থাকে যে, যোগ্যতা হারাইবার ক্ষেত্র ব্যতীত অন্য কোন ক্ষেত্রে কমিশন, উপযুক্ত বিবেচনা করিলে, সনদ বাতিল না করিয়া অনধিক এক বছরের জন্য উহার কার্যকারিতা স্থগিত করিতে পারিবেঃ

আরও শর্ত থাকে যে, এই উপ-বিধির অধীন অর্থ দন্ড আরোপ বা কোন নিবন্ধন সনদ বাতিল বা স্থগিত করিবার পূর্বে কমিশন অর্থ দন্ড বা নিবন্ধন সনদ বাতিল বা স্থগিত আদেশ এর কারণ উল্লেখ করিয়া সংশ্লিষ্ট স্টক-ডিলার, স্টক-ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধিকে অন্ততঃ ১০ (দশ) দিনের একটি নোটিশ প্রদানপূর্বক তাহার বক্তব্য লিখিতভাবে উপস্থাপনের সুযোগ প্রদান করিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন নোটিশ প্রাপ্তির পর সংশ্লিষ্ট স্টক-ডিলার, স্টক-ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধি তাহার বক্তব্য নোটিশে নির্ধারিত সময়ের মধ্যে উপস্থাপন করিলে কমিশন উক্ত বক্তব্য এবং উপ-বিধি (৩) এর অধীন যদি কোন অনুসন্ধান কর্মকর্তা বা তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয় তাহলে উক্ত অনুসন্ধান কর্মকর্তা বা তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত অনুসন্ধান বা তদন্ত প্রতিবেদন বিবেচনাক্রমে, এবং প্রয়োজনবোধে তাহাকে ব্যক্তিগত বা প্রতিনিধির মাধ্যমে শুনানীর সুযোগ প্রদান করিয়া, অর্থদন্ড, নিবন্ধন সনদ বাতিল কিংবা স্থগিতকরণ সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করিবে এবং সিদ্ধান্তটি লিখিতভাবে জানাইয়া দিবে।

(৩) এই বিধির অধীন সিদ্ধান্ত গ্রহণের সুবিধার্থে কমিশন প্রয়োজন মনে করিলে আইনের ১৭ক ধারার বিধান অনুযায়ী অথবা ক্ষেত্রমতে অধ্যাদেশের ২১ ধারার বিধান অনুযায়ী এক বা একাধিক অনুসন্ধান কর্মকর্তা বা তদন্ত কর্মকর্তা নিয়োগ করিতে পারিবে এবং এইরূপ অনুসন্ধান কর্মকর্তা বা তদন্ত কর্মকর্তা কমিশনের নির্দেশ অনুসারে অনুসন্ধান কার্য বা তদন্ত কার্য সম্পন্ন করিয়া একটি প্রতিবেদন দাখিল করিবে।

(৪) অনুসন্ধান কর্মকর্তা বা তদন্ত কর্মকর্তা সংশ্লিষ্ট স্টক-ডিলার, স্টক-ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধি এবং অন্যান্য ব্যক্তিকে জিজ্ঞাসাবাদ বা ব্যাখ্যা তলব করিতে, সংশ্লিষ্ট কাগজপত্র পরীক্ষা করিতে এবং প্রয়োজনবোধে উহার নকল লইতে পারিবে, এবং এই ব্যাপারে সংশ্লিষ্ট স্টক-ডিলার, স্টক-ব্রোকার, অনুমোদিত প্রতিনিধি বা উহার পরিচালকবৃন্দ, কর্মকর্তা বা এতদসংশ্লিষ্ট যে কোন ব্যক্তি অনুসন্ধানকারী বা তদন্তকারীকে সহযোগিতা করিতে বাধ্য থাকিবেন।

(৫) এই বিধির অধীন কোন নিবন্ধন সনদ বাতিল কিংবা স্থগিত করা হইলে উক্ত সিদ্ধান্তের একটি অনুলিপি সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জে প্রেরণ করিতে হইবে এবং নিবন্ধন সনদ বাতিল বা স্থগিতের বিষয়টি বিধি ১৩ এ উল্লিখিত রেজিস্টারে লিপিবদ্ধ করিতে হইবে।

(৬) কমিশন কোন বিশেষ ক্ষেত্রে যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, উপ-বিধি (১) এর অধীন কোন সিদ্ধান্ত গ্রহণের পূর্বেই কোন নিবন্ধন সনদের কার্যকারিতা স্থগিত করা প্রয়োজন, তাহা হইলে, উপ-বিধি (১) এর শর্তাংশ অনুসারে নোটিশ জারীর পূর্বে বা পরে যে কোন সময় তাৎক্ষণিক শুনানী গ্রহণ করিয়া অনধিক ত্রিশ দিনের জন্য উক্ত নিবন্ধন সনদের কার্যকারিতা স্থগিত করিতে পারিবে, এবং তাহা করা হইলে বিষয়টি সম্পর্কে সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জকে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

(৭) উপ-বিধি (১) বা (৬) এর অধীন কোন নিবন্ধন সনদের কার্যকারিতা স্থগিত করা হইলে সংশ্লিষ্ট স্টক-ডিলার বা স্টক-ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধি উক্ত সনদের ভিত্তিতে কোন কার্যক্রম পরিচালনা করিতে পারিবে না।

১১। **ব্রাঞ্চ, বুথ (তথা, ডিজিটাল বুথ) খোলা, পরিচালনা ও বন্ধকরণ, ইত্যাদি** ।-(১) কোন স্টক-ব্রোকার কর্তৃক বিধি-৪ এর উপ-বিধি (১) এর দফা (ঘ) এর শর্তাবলী, তৃতীয় তফসিলে বর্ণিত শর্তাবলী, Bangladesh Securities and Exchange Commission (Risk Based Capital Adequacy) Rules, 2019 এ বর্ণিত মোট মূলধন (Total Capital), তারল্য মূলধন (Liquid Capital) ও মূলধন পর্যাপ্ততা হার (Capital Adequacy Ratio) সংক্রান্ত বিধানাবলী, Securities and Exchange Rules, 2020 এ বর্ণিত মক্কেলের অর্থ ও সিকিউরিটিজ সংরক্ষণ ও ব্যবস্থাপনা সংক্রান্ত বিধানাবলী পরিপালন সাপেক্ষে ব্রাঞ্চ বা বুথ খোলার জন্য প্রয়োজনীয় জনবল, অবকাঠামো, সফটওয়্যার, জামানত সংরক্ষণ সংক্রান্ত শর্তাদি, ইত্যাদি পরিপালন সাপেক্ষে অনধিক পনেরটি ব্রাঞ্চ বা বুথ খুলিতে পারিবেঃ

তবে শর্ত থাকে যে, পনেরোটির অধিক প্রতিটি ব্রাঞ্চ বা বুথ অফিস খোলার জন্য বিধি-৪(১)(ঘ) এ উল্লিখিত ন্যূনতম পরিশোধিত মূলধনের অতিরিক্ত ০২ (দুই) কোটি টাকা পরিশোধিত মূলধন স্টক-ব্রোকার এর থাকিতে হইবে।

(২) কোন স্টক-ব্রোকার কর্তৃক ব্রাঞ্চ বা বুথ খুলিতে কমিশনের পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, ব্রাঞ্চ বা বুথ অনুমোদনের ক্ষেত্রে কমিশন স্টক-ব্রোকার কর্তৃক পূর্বে পরিচালিত ব্রাঞ্চ বা বুথের পারফরমেন্স ও নতুন ব্রাঞ্চ বা বুথ খোলার যৌক্তিকতা বিবেচনায় নিতে পারিবে।

(৩) কোন স্টক-ব্রোকার ব্রাঞ্চ ও বুথ (তথা, ডিজিটাল বুথ) পরিচালনার ক্ষেত্রে কমিশন কর্তৃক সময় সময় জারিকৃত আদেশ, নির্দেশ ও পরিপত্র, ইত্যাদি পরিপালন করিবে।

(৪) ব্রাঞ্চ বা বুথ খুলিবার অনুমোদন প্রাপ্তির তারিখ হইতে ০৬ (ছয়) মাসের মধ্যে সংশ্লিষ্ট স্টক-ব্রোকার কর্তৃক উক্ত ব্রাঞ্চ বা বুথের কার্যক্রম শুরু করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, উক্ত সময়ের মধ্যে সংশ্লিষ্ট ব্রাঞ্চ বা বুথ কার্যক্রম শুরু করিতে ব্যর্থ হইলে এবং উক্ত ব্যর্থতা পরবর্তী ০৬ (ছয়) মাস পর্যন্ত বহাল থাকিলে উক্ত অনুমোদন বাতিল বলিয়া গণ্য হইবে।

(৫) স্টক-ব্রোকার কর্তৃক ইহার কোন অফিস বা ব্রাঞ্চ বা বুথ এর এক্সটেনশন হিসেবে কোন অফিস বা ব্রাঞ্চ বা বুথ খুলিতে বা স্থাপন করিতে পারিবে না:
তবে শর্ত থাকে যে, এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশের ০৬ (ছয়) মাসের মধ্যে, ব্রাঞ্চ বা বুথ খোলার ক্ষেত্রে উপবিধি-(১) এর বিধানাবলী এবং তৃতীয় তফসিলে বর্ণিত শর্তাবলী পরিপালন করতঃ কমিশনের পূর্বানুমোদন সাপেক্ষে, পূর্বের এক্সটেনশনকৃত অফিসগুলোকে ব্রাঞ্চ বা বুথে রুপান্তর করিতে হইবে:

আরো শর্ত থাকে যে, কোন স্টক-ব্রোকার উহার পূর্বের কৃত এক্সটেনশন অফিস বা অফিসগুলোকে, ব্রাঞ্চ বা বুথে রুপান্তর করিতে ব্যর্থ হইলে উক্ত ব্যর্থতার তারিখ হইতে ১০ (দশ) দিনের মধ্যে লিখিতভাবে উহার কারণ কমিশনকে অবহিত করিবে এবং কমিশনের সন্তুষ্টি ও পূর্বানুমোদন সাপেক্ষে উক্ত স্টক-ব্রোকারের পূর্বের কৃত এক্সটেনশন অফিস বা অফিসগুলোকে প্রধান কার্যালয় অথবা সংশ্লিষ্ট ব্রাঞ্চের সহিত একীভূত করিতে হইবে।

(৬) ব্রাঞ্চ বা বুথ এক স্থান হইতে অন্য স্থানে স্থানান্তরের জন্য, স্টক-ব্রোকার সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জের সুপারিশ সহ কমিশনের নিকট তৃতীয় তফসিলে বর্ণিত ফরম-গ-তে আবেদন দাখিল করিবে এবং কমিশন কর্তৃক অনুমোদিত হওয়ার পর স্টক-ব্রোকার উহার ব্রাঞ্চ বা বুথ স্থানান্তর (re-location) করিতে পারিবে।

(৭) অত্র বিধিমালার বিধি ৩(২)(খ) এ নির্ধারিত আবেদন ফি, স্টক-ব্রোকার কর্তৃক ব্রাঞ্চ বা বুথ খোলা বা স্থানান্তরের আবেদনের ক্ষেত্রেও প্রযোজ্য হইবে এবং উক্ত বিধির উপ-বিধি (৩) এ বর্ণিত পদ্ধতিতে উক্ত ফি কমিশনের অনুকূলে জমা করিতে হইবে।

(৮) কোনো ব্রাঞ্চ বা বুথের কার্যক্রম বন্ধ করিবার অন্ততঃ তিন মাস পূর্বে সংশ্লিষ্ট স্টক ব্রোকার কর্তৃক উহার সকল গ্রাহক, সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ এবং কমিশনকে অবহিত করিবে এবং গ্রাহকগণের স্বার্থ কোন প্রকারে ব্যাহত না করিয়া ব্রাঞ্চ বা বুথের কার্যক্রম বন্ধের প্রক্রিয়াটি সম্পন্ন করিবেঃ

তবে শর্ত থাকে যে, ব্রাঞ্চ বা বুথের কার্যক্রম বন্ধ করিবার পূর্বে, স্টক-ব্রোকার, প্রয়োজনে, উহার গ্রাহকদের লিঙ্ক বেনিফিসিয়ারি ওনার্স হিসাবে (B.O Account) সিকিউরিটিজ স্থানান্তর নিশ্চিত করিবেঃ

আরো শর্ত থাকে যে, ব্রাঞ্চ বা বুথের কার্যক্রম বন্ধ করিবার পূর্বে স্টক-ব্রোকার উহার গ্রাহক সমন্বিত হিসাবে [Consolidated Customers' Account (CCA)] রক্ষিত অর্থ গ্রাহকদের ব্যাংক হিসাবে স্থানান্তর নিশ্চিত করিবে।

(৯) উপ-বিধি (৫) এর বিধান অনুসারে সকল প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর অবিলম্বে স্টক-ব্রোকার উহার ব্রাঞ্চ বা বুথের কার্যক্রম বন্ধ করিবার বিশদ বিবরণ বা প্রতিবেদন সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জে দাখিল করিবে এবং স্টক এক্সচেঞ্জ উক্ত প্রতিবেদন প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে কমিশনকে অবহিত করিবে।

(১০) কমিশন, স্বীয় উদ্যোগে বা বিনিয়োগকারীদের আবেদনের প্রেক্ষিতে, কোনো যুক্তিসঙ্গত কারণে কোন ব্রাঞ্চ বা বুথের কার্যক্রম বন্ধ বা স্থগিত করিতে পারিবেঃ

তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট স্টক ব্রোকারকে যুক্তিসংগত শুনানীর সুযোগ প্রদান না করিয়া ব্রাঞ্চ বা বুথের কার্যক্রম বন্ধ বা স্থগিত করা যাইবে না।

(১১) স্টক-ব্রোকার কর্তৃক ব্রাঞ্চ বা বুথ খোলা বা উহার পরিচালনা, ইত্যাদি বিষয়ে এই বিধিমালার তৃতীয় তফসিলে বর্ণিত শর্তাবলী মানিয়া চলিবে।

## তৃতীয় অধ্যায়

## ডুপ্লিকেট নিবন্ধন সনদ ইস্যু, রেজিস্টার, মালিকানা পরিবর্তন ও নাম পরিবর্তন, ইত্যাদি।

১২। **ডুপ্লিকেট নিবন্ধন সনদ ইস্যুকরণ।**–(১) কোন নিবন্ধন সনদ হারাইয়া বা খোয়া গেলে বা নষ্ট বা ব্যবহারের অনুপযুক্ত হইয়া গেলে, কমিশন, নিম্নলিখিত শর্ত এবং পদ্ধতি পালন সাপেক্ষে, উহার ডুপ্লিকেট কপি সংশ্লিষ্ট স্টক-ডিলার, স্টক-ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধিকে সরবরাহ করিতে পারিবে, যথাঃ-

(ক) নিবন্ধন সনদ হারাইয়া গেলে বা খোয়া গেলে, সংশ্লিষ্ট স্টক- ডিলার, স্টক- ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধি বিষয়টি থানায় সাধারণ ডায়েরীতে লিপিবদ্ধ করাইবেন এবং তৎপরবর্তীতে একটি বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় হারানো বা খোয়া যাওয়ার বিষয়টি উল্লেখ পূর্বক নিবন্ধন সনদটি ফেরত দানের অনুরোধ সম্বলিত একটি বিজ্ঞপ্তি প্রকাশ করিবেন;

(খ) দফা (ক) অনুসারে বিজ্ঞপ্তি প্রকাশের এক সপ্তাহ পরে ডুপ্লিকেট সনদ ইস্যুর আবেদন জানাইয়া সংশ্লিষ্ট স্টক-ডিলার, স্টক-ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধি কমিশনের নিকট একটি আবেদন করিবেন এবং উক্ত দরখাস্তের সহিত নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করিবেন, যথাঃ-

(অ) দশ হাজার টাকার ফিস জমাকরণের একটি ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার বা ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার বা মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসের মাধ্যমে জমাকরতঃ জমাকরণ রসিদ বা প্রমাণক কমিশনে দাখিল করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, অনুমোদিত প্রতিনিধির ক্ষেত্রে এক হাজার টাকা ফিস পরিশোধ করিতে হইবে;

(আ) নিবন্ধন সনদ হারাইয়া বা খোয়া যাওয়ার ক্ষেত্রে, দফা (ক) তে উল্লিখিত সাধারণ ডায়েরীর সত্যায়িত অনুলিপি এবং বিজ্ঞপ্তির অনুলিপি; এবং

(ই) নিবন্ধন সনদ নষ্ট বা ব্যবহারের অনুপযুক্ত হওয়ার ক্ষেত্রে, সনদের অবশিষ্ট অংশ (যদি থাকে)।

(২) উপ-বিধি (১) অনুসারে দাখিলকৃত আবেদন সম্পর্কে সন্তুষ্ট হইলে কমিশন উহা প্রাপ্তির পনের দিনের মধ্যে সংশ্লিষ্ট রেজিস্টার এবং অন্যান্য তথ্যাদির ভিত্তিতে ডুপ্লিকেট নিবন্ধন সনদ ইস্যু করিবে, অন্যথায় উক্ত সময়ের মধ্যে লিখিত কারণ উল্লেখ পূর্বক উহা নামঞ্জুরের সিদ্ধান্ত আবেদনকারীকে জানাইয়া দিবে।

১৩। **রেজিস্টার।-** বিধি ৫ এর অধীন প্রদত্ত সনদ, বিধি ৯ এর অধীন নবায়নকৃত সনদ এবং বিধি ১২ এর অধীন প্রদত্ত ডুপ্লিকেট সনদ সংক্রান্ত মৌলিক তথ্যাদি কমিশন ও সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ একটি রেজিস্টারে লিপিবদ্ধ করিবে।

১৪। **সনদপ্রাপ্ত ব্যক্তির কর্তব্য।-** প্রত্যেক স্টক-ডিলার, স্টক-ব্রোকার এবং অনুমোদিত প্রতিনিধি সর্বোচ্চ সততা ও বিশ্বস্ততার সহিত তাহার কাজকর্ম পরিচালনা করিবেন এবং আইন, অধ্যাদেশ, এই বিধিমালা এবং দ্বিতীয় ও তৃতীয় তফসিলে বিধৃত আচরণ বিধিসহ নিবন্ধন সনদের সকল শর্তাবলী এবং ব্রাঞ্চ বা বুথ পরিচালনার শর্তাবলী যাথাযথভাবে পালন করিবে।

১৫। **শেয়ার হস্তান্তর বা মালিকানা পরিবর্তন।-** স্টক-ডিলার বা স্টক-ব্রোকার এর শেয়ার লেনদেন বা হস্তান্তরের ক্ষেত্রে সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জের সুপারিশ ও কমিশনের পূর্বানুমোদন গ্রহণ ব্যতীত কোনো স্টক-ডিলার বা স্টক-ব্রোকার বা উহার কোন পরিচালক বা কোন শেয়ার হোল্ডার উক্ত স্টক-ডিলার বা স্টক-ব্রোকার কোম্পানির শেয়ার হস্তান্তর বা মালিকানা পরিবর্তন করিতে পারিবেনাঃ

তবে শর্ত থাকে যে, কমিশনের অনুমোদন ব্যতীত কোন শেয়ার হস্তান্তর হইলে কমিশন উহা বাতিলের সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবে।

১৬। **নাম পরিবর্তন** ।— (১) কোন স্টক-ডিলার বা স্টক-ব্রোকার এর মালিকানা বা উত্তরাধিকার সূত্রে মালিকানা অপরিবর্তিত রাখা সাপেক্ষে অত্র বিধিমালার বিধি ৩(৩)(ক) বা বিধি ৩(৩)(খ)- এ বর্ণিত নির্ধারিত আবেদন ফি এবং বিধির ৩ এর উপ-বিধি (৪) এ বর্ণিত পদ্ধতিতে জমাকরতঃ স্টক-ডিলার বা কোন-স্টক ব্রোকার এর নাম পরিবর্তনের আবেদন করা যাইবে।

(২) বিধি-৪ এ বর্ণিত নিবন্ধন সনদ মঞ্জুরীর জন্য যোগ্যতা পরিপালন সাপেক্ষে স্টক-ডিলার বা স্টক-ব্রোকার উহার নাম পরিবর্তন করিতে পারিবে।

(৩) নাম পরিবর্তন সংক্রান্ত সংশোধিত সংঘবিধি ও সংঘস্মারক এর সার্টিফাইড কপি আবেদনের সহিত, অন্যান্যের মধ্যে, দাখিল করিতে হইবে।

(৪) নাম পরিবর্তনের পর নতুন নামে স্টক-ডিলার বা স্টক-ব্রোকার নিবন্ধন সনদ ফি বাবদ পাঁচ লক্ষ টাকা পে-অর্ডার, ব্যাংক ড্রাফট, ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার বা মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসের মাধ্যমে কমিশনে জমা প্রদান করিতে হইবে।

## চতুর্থ অধ্যায়
## প্রধান নির্বাহী কর্মকর্তা, পরিপালন কর্মকর্তা এর নিয়োগ, বাতিল, ইত্যাদি

১৭। **প্রধান নির্বাহী কর্মকর্তা, পরিপালন কর্মকর্তা নিয়োগ, বাতিল, ইত্যাদি।**– (১) কোন ব্যক্তিকে কোন স্টক-ডিলার বা স্টক-ব্রোকারের প্রধান নির্বাহী কর্মকর্তা বা পরিপালন কর্মকর্তা হিসাবে নিয়োগ করা যাইবে না, যদি তিনিঃ-

(অ) ন্যূনতম বাণিজ্য, ব্যবসায় প্রশাসন, অর্থনীতি, আইসিটি, গণিত, আইন বা পরিসংখ্যান বিষয়ে স্নাতক ডিগ্রিধারী না হন;

(আ) পুঁজিবাজার সহ আর্থিক খাতে ন্যূনতম ১০(দশ) বছরের অভিজ্ঞতাসম্পন্ন না হন;

(ই) স্টক-ডিলার বা স্টক-ব্রোকার কোম্পানির পরিচালনা পর্ষদ কর্তৃক সুপারিশকৃত না হন;

(ঈ) ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (সিআইবি) তথ্য অনুযায়ী ঋণ খেলাপী হন এবং উক্ত ঋণ খেলাপীর দায় হতে অব্যহতি লাভ করার পর ০৩ (তিন) বৎসরকাল অতিবাহিত না হইয়া থাকে;

(উ) পুঁজিবাজার সংশ্লিষ্ট আইন, বিধি-বিধান পরিপালনে ব্যর্থ বা লংঘনের দায়ে উপযুক্ত আদালত বা কর্তৃপক্ষ কর্তৃক শাস্তি প্রাপ্ত হন এবং শাস্তিভোগের পর ০৫ (পাঁচ) বৎসরকাল অতিবাহিত না হইয়া থাকে;

(ঊ) পুঁজিবাজার সংশ্লিষ্ট অন্য কোন প্রতিষ্ঠানে পরিচালক, কর্মকর্তা বা কর্মচারী বা উপদেষ্টা হিসেবে সম্পৃক্ত থাকেন; এবং

(এ) সংশ্লিষ্ট স্টক-ডিলার বা স্টক-ব্রোকারের উদ্যোক্তা বা পরিচালক বা শেয়ারহোল্ডার হন।

(২) উপ-বিধি (১) এর শর্তাবলী পরিপালন সাপেক্ষে, প্রত্যেক স্টক-ডিলার বা স্টক-ব্রোকার কোম্পানির পরিচালনা পর্ষদ কর্তৃক উহার প্রধান নির্বাহী কর্মকর্তা নিয়োগের নিমিত্ত সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ এর সুপারিশসহ উক্ত স্টক-ডিলার বা স্টক-ব্রোকার এর প্রধান নির্বাহী কর্মকর্তার নিয়োগ অনুমোদনের জন্য কমিশনে দাখিল করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, এই বিধিমালাটি গেজেটে প্রকাশিত হইবার ০৬ মাসের মধ্যে সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জের সুপারিশসহ স্টক- ডিলার বা স্টক-ব্রোকার এর বিদ্যমান প্রধান নির্বাহী কর্মকর্তা নিয়োগ অনুমোদনের নিমিত্ত কমিশনে দাখিল করিতে হইবে;

(৩) প্রধান নির্বাহী কর্মকর্তা পদের মেয়াদ নিয়োগের তারিখ হইতে ০৪ (চার) বৎসর হইবে এবং কমিশনের অনুমোদন সাপেক্ষে অনুরূপ পদে পুনঃনিয়োগ করা যাইবেঃ

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর পূর্ণ হইলে তিনি প্রধান নির্বাহী কর্মকর্তা পদে নিযুক্ত/পুনঃনিযুক্ত হইবার যোগ্য হইবেন না বা স্বপদে বহাল থাকিবেন না;

তবে আরো শর্ত থাকে যে, কমিশনের পূর্বানুমোদন ব্যতিরেকে কোন ব্যক্তিকে স্টক-ডিলার বা স্টক-ব্রোকার -এর প্রধান নির্বাহী কর্মকর্তা পদে চুড়ান্তভাবে নিয়োগ করা যাইবে না বা কোন ব্যক্তি নিয়োজিত থাকিবেন না।

(৪) উপ-বিধি (১) এর শর্তাবলী পরিপালন সাপেক্ষে, সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ এর অনাপত্তিক্রমে, স্টক-ডিলার বা স্টক-ব্রোকার কোম্পানির পরিচালনা পর্ষদ কর্তৃক পরিপালন কর্মকর্তা (Compliance Officer) নিয়োগ করিবেঃ

তবে শর্ত থাকে যে, পরিপালন কর্মকর্তা পদের মেয়াদ নিয়োগের তারিখ হইতে ০৪ (চার) বৎসর হইবে এবং সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ এর অনাপত্তি সাপেক্ষে পরিপালন কর্মকর্তা পুনঃনিয়োগ করা যাইবেঃ

আরো শর্ত থাকে যে, কোন ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর পূর্ণ হইলে তিনি পরিপালন কর্মকর্তা পদে নিযুক্ত/পুনঃনিযুক্ত হইবার যোগ্য হইবেন না বা স্বপদে বহাল থাকিবেন না।

(৫) স্টক-ডিলার বা স্টক-ব্রোকার এর পরিপালন কর্মকর্তা স্টক এক্সচেঞ্জ এবং কমিশন এর নিকট উহার দৈনন্দিন কর্মকান্ডের পরিপালন (compliance) সংক্রান্ত প্রতিবেদন মাসিক ভিত্তিতে সংশ্লিষ্ট প্রতিবেদনাধীন মাস শেষ হওয়ার পরবর্তী ১০ দিনের মধ্যে দাখিল করিবে।

(৬) কোন স্টক-ডিলার বা স্টক-ব্রোকারের প্রধান নির্বাহী কর্মকর্তা বা পরিপালন কর্মকর্তা তাহার পদে থাকিবার যোগ্যতা হারাইলে বা কোন অসদাচরণ বা নৈতিক স্খলনের দায়ে উপযুক্ত আদালত বা কর্তৃপক্ষ কর্তৃক দোষী সাব্যস্ত হইলে বা কোন যুক্তিসংগত কারণ থাকিলে পরিচালনা পর্ষদ কমিশনের পূর্বানুমোদন সাপেক্ষে উক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা বা পরিপালন কর্মকর্তাকে তাহার পদ হইতে সাময়িক বরখাস্ত বা অপসারণ, যাহা প্রযোজ্য, করিতে পারিবেঃ

তবে শর্ত থাকে যে, সরকারি মালিকানাধীন বা নিয়ন্ত্রণাধীন স্টক-ডিলার বা স্টক-ব্রোকার কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে কার্যক্রম পরিচালনার বা পরিচালনাকারীর বিষয়ে কোন প্রকার অভিযোগ উত্থাপিত বা প্রমাণিত হইলে তাহার বিরুদ্ধে যথাযথ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ বা তাহার পদ হইতে সাময়িক বরখাস্ত বা অপসারণ করিবার জন্য কমিশন, সরকার ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে অবহিত করিবে।

আরো শর্ত থাকে যে, শুনানীর যুক্তিসংগত সুযোগ প্রদান না করিয়া কোন প্রধান নির্বাহী কর্মকর্তা বা পরিপালন কর্মকর্তাকে সাময়িক বরখাস্ত বা অপসারণ করা যাইবে না।

(৭) কোন স্টক-ডিলার বা স্টক-ব্রোকারের প্রধান নির্বাহী কর্মকর্তা পদত্যাগ করিতে চাহিলে, পদত্যাগের ৩ (তিন) মাস পূর্বে পরিচালনা পর্ষদের সভাপতি বরাবর আবেদন পেশ করিবে এবং কমিশনকে উহার অনুলিপি প্রদান করিবেঃ

তবে শর্ত থাকে যে, প্রধান নির্বাহী কর্মকর্তা এর পদ শুন্য থাকিলে বা কোন কারণে তিনি দায়িত্ব পালন করিতে অসমর্থ হইলে সংশ্লিষ্ট স্টক-ডিলার বা স্টক-ব্রোকারের পরবর্তী উর্ধ্বতন কর্মকর্তা প্রধান নির্বাহী কর্মকর্তার অন্তবর্তীকালীন দায়িত্ব পালন করিবেনঃ

আরো শর্ত থাকে যে, উক্ত সাময়িক বরখাস্তকৃত বা অপসারণকৃত কর্মকর্তার পদে, কমিশন কোন উপযুক্ত ব্যক্তিকে তৎকৃত নির্ধারিত সময়ের জন্য সাময়িকভাবে উক্ত দায়িত্ব পালনের জন্য নির্দেশ দিতে পারিবে।

(৮) সরকারি মালিকানাধীন বা নিয়ন্ত্রণাধীন স্টক-ডিলার বা স্টক-ব্রোকার হিসেবে কার্যক্রম পরিচালনাকারীর কোন বিষয়ে কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তার নিয়োগের ক্ষেত্রে উপ-বিধি (৩) বিধান প্রয়োজ্য হইবে নাঃ

তবে শর্ত থাকে যে, সরকার কর্তৃক এরূপ কোন প্রধান নির্বাহী কর্মকর্তা নিয়োগপ্রাপ্ত হইলে সংশ্লিষ্ট স্টক ব্রোকার বা স্টক ডিলার উহা কমিশনকে অবিলম্বে অবহিত করিবেঃ

আরো শর্ত থাকে যে, উক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা সিকিউরিটিজ আইন ও উহার কোন বিধি-বিধান লংঘন করিলে কমিশন সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষকে তাহার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের সুপারিশ করিতে পারিবে বা নিয়োগ বাতিলের সুপারিশ করিতে পারিবে।

**১৮। প্রধান নির্বাহী কর্মকর্তা এর ক্ষমতা ও দায়-দায়িত্ব ।-** (১) প্রধান নির্বাহী কর্মকর্তা বা সংশ্লিষ্ট স্টক-ডিলার বা স্টক-ব্রোকারের ক্ষেত্রে সিকিউরিটিজ বাজার সম্পর্কিত সকল আইন, বিধি, প্রবিধি, নির্দেশনা, আদেশ, উপ-আইন বা সময়ে সময়ে কমিশন কর্তৃক জারিকৃত নির্দেশনা, আদেশ সমূহ বাস্তবায়ন করিবেন;

তবে শর্ত থাকে যে, কমিশন এবং পরিচালনা পর্ষদ কর্তৃক জারিকৃত কোন নির্দেশনা বা আদেশ সাংঘর্ষিক হইলে সেইক্ষেত্রে কমিশনের নির্দেশনা বা আদেশ চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

(২) প্রধান নির্বাহী কর্মকর্তা এই বিধিমালার পরিপালন এবং সংশ্লিষ্ট স্টক-ডিলার বা স্টক-ব্রোকারের কর্মকর্তা-কর্মচারীদের কার্যাবলীর তদারকি নিশ্চিত করিবেন।

(৩) পরিচালনা পর্ষদ কর্তৃক গঠিত সকল কমিটিতে, নিরীক্ষা (Audit) কমিটি ব্যতিত, প্রধান নির্বাহী কর্মকর্তা সদস্য হইবেনঃ

তবে শর্ত থাকে যে, প্রধান নির্বাহী কর্মকর্তা এর বিরূদ্ধে কোন শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণের উদ্দেশ্যে গঠিত তদন্ত কমিটিতে তিনি সদস্য থাকিবেন না।

(৪) কোন বিশেষ পরিস্থিতিতে প্রধান নির্বাহী কর্মকর্তা তাহার উপর অর্পিত হয়নি এমন দায়িত্ব/ক্ষমতা, পরিচালনা পর্ষদের সভাপতি এবং কমিশনকে একইসংগে অবহিত করতঃ পালন/প্রয়োগ করিতে পারিবেঃ
তবে শর্ত থাকে যে, পরিচালনা পর্ষদের পরবর্তী সভায় উহা ঘটনাত্তোর অনুমোদন লাভ করিতে হইবে।

(৫) প্রধান নির্বাহী কর্মকর্তা প্রশাসনিক কার্যাবলী এবং সংশ্লিষ্ট সকল আইন, বিধি-বিধান, পরিপালন সংক্রান্ত চাহিত বা নির্ধারিত প্রতিবেদন কমিশনে দাখিল করিবেন।

## পঞ্চম অধ্যায়
## জামানত, অপারেশন ম্যানুয়াল, ইত্যাদি।

১৯। **জামানত ও স্টক এক্সচেঞ্জের শেয়ারহোল্ডিং, ইত্যাদি।**—(১) সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জের শেয়ার ধারণ করে এমন স্টক- ডিলার বা স্টক-ব্রোকার উহার ধারণকৃত শেয়ার সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ বা Clearing & Settlement (C&S) Company এর অনুকুলে লিয়েন বা জামানত হিসেবে জমা রাখিতে পারিবে; এবং ক্ষেত্রমত, স্টক এক্সচেঞ্জ বা Clearing & Settlement (C&S) Company কর্তৃক্কোন স্টক ব্রোকার বা স্টক ডিলারকে ট্রেডিং লিমিট প্রদানের ক্ষেত্রে উক্ত শেয়ার মার্জিন বা জামানত হিসেবে রাখিতে পারিবেঃ

তবে শর্ত থাকে যে, এক্সচেঞ্জ বা Clearing & Settlement (C&S) Company কোন স্টক-ডিলার বা স্টক-ব্রোকার কর্তৃক প্রদত্ত মার্জিন বা জামানত সেটেলমেন্ট ব্যর্থতায় প্রয়োজনপূর্বক বা অন্য কোনভাবে উহা অন্যের নিকট বিক্রয় বা নগদায়ন করিতে পারিবে।

(২) স্টক এক্সচেঞ্জের প্রবিধামালা অনুসারে উক্ত জামানত সংরক্ষণ, বিক্রয় বা হস্তান্তর ইত্যাদি করা যাইবে।

(৩) স্টক-ব্রোকার কর্তৃক ন্যূনতম জামানত রাখা এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (ট্রেডিং রাইট এনটাইটেলমেন্ট সার্টিফিকেট) বিধিমালা, ২০২০ এর বিধি-৩ এর উপ-বিধি (২) এর বিধান পরিপালন সাপেক্ষে অনধিক ১৫টি ব্রাঞ্চ বা বুথ পরিচালনা করা যাইবেঃ

তবে শর্ত থাকে যে, ১৫টির অতিরিক্ত প্রতিটি অতিরিক্ত ব্রাঞ্চ বা বুথের জন্য বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (ট্রেডিং রাইট এনটাইটেলমেন্ট সার্টিফিকেট) বিধিমালা, ২০২০ এর বিধি-৩ এর উপ-বিধি (২)- এ বর্নিত ন্যূনতম জামানত এর অতিরিক্ত ন্যূনতম ২৫ (পঁচিশ) লক্ষ টাকা জামানত সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জে সংরক্ষণ করিতে হইবে:

আরো শর্ত থাকে যে, যেই সকল স্টক-ব্রোকার ইতোমধ্যে ১৫টির বেশি ব্রাঞ্চ বা বুথ খুলিয়াছে সেই সকল স্টক-ব্রোকার কর্তৃক আগামী ০২ (দুই) বছরের মধ্যে অতিরিক্ত জামানতের শর্ত পরিপালন করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, স্টক-ডিলার বা স্টক-ব্রোকার কর্তৃক নিজ নামে স্থায়ী হিসাব (FDR) সংরক্ষণ করতঃ উহা স্টক এক্সচেঞ্জের অনুকুলে লিয়েন করিয়া জামানত হিসেবে সংরক্ষণ করিতে পারিবে।

(৪) স্টক-ডিলার বা স্টক-ব্রোকার কর্তৃক ব্রাঞ্চ বা বুথ খুলিবার ক্ষেত্রে জামানত এর হার স্টক এক্সচেঞ্জ, কমিশনের অনুমোদনক্রমে, সময় সময় পুনঃনির্ধারণ করিতে পারিবে।

২০। **অপারেশন ম্যানুয়াল, সেবা প্রদান নীতিমালা, ইত্যাদি।— (১)** প্রত্যেক স্টক-ডিলার বা স্টক-ব্রোকার তাহাদের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করিবার নিমিত্ত, স্টক এক্সচেঞ্জের পূর্বানুমোদনক্রমে, নিজ নিজ অপারেশন ম্যানুয়াল প্রস্তুত করিবে এবং বিনিয়োগকারীদেরকে সহজে সেবা প্রদানের নিমিত্ত সেবা প্রদান নীতিমালাও প্রস্তুত করিবে।

(২) স্টক-ডিলার বা স্টক-ব্রোকারের কর্পোরেট অফিসসহ প্রত্যেক ব্রাঞ্চ বা বুথ এর নির্দিষ্ট উন্মুক্ত স্থানে উহা প্রদর্শন করিবে এবং উহার ওয়েবসাইটে প্রকাশ করিবেঃ

তবে শর্ত থাকে যে, অপারেশন ম্যানুয়াল বা সেবা প্রদান নীতিমালা প্রতি বৎসর হালনাগাদ করতঃ স্টক এক্সচেঞ্জের পূর্বানুমোদন সাপেক্ষে উপরোক্ত স্থানসমূহে প্রদর্শন এবং প্রকাশ করিবে ।

**২১। ঋণ গ্রহণ, মার্জিন ঋণ প্রদান, শর্ট সেলিং, ইত্যাদিঃ-** (১) Securities and Exchange Rules, 2020 এ বর্ণিত মক্কেলের অর্থ ও সিকিউরিটিজ সংরক্ষণ ও ব্যবস্থাপনা সংক্রান্ত বিধানাবলী না মানিয়া, Bangladesh Securities and Exchange Commission (Risk Based Capital Adequacy) Rules, 2019 অনুযায়ী মূলধন পর্যাপ্ততা সংরক্ষণে ঘাটতি রাখিয়া বা Margin Rules, 1999 এর বিধান বা ব্যাংক চেক বা সমজাতীয় ইন্স্ট্রুমেন্ট এর নগদায়ন বিষয়ক কমিশনের নির্দেশ বা আদেশ লংঘন করিয়া কোন স্টক-ব্রোকার মার্জিন ঋণ প্রদান করিতে পারিবে না।

(২) মূলধন পর্যাপ্ততার শর্ত পরিপালনের নিমিত্তে কোন স্টক-ব্রোকার বা স্টক ডিলার ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হইতে ঋণ গ্রহণ করিতে পারিবে না।

(৩) স্টক এক্সচেঞ্জের সংশ্লিষ্ট প্রবিধান দ্বারা নির্ধারিত চুক্তি সম্পাদন ছাড়া কোন স্টক-ডিলার বা স্টক-ব্রোকার নিজে অথবা উহার কোন গ্রাহক/মক্কেল শর্ট সেলিং কার্যক্রম পরিচালনা করিবে না।

(৪) Securities and Exchange Rules, 2020 এর বিধান পরিপালনের অতিরিক্ত হিসেবে গ্রাহকের সমন্বিত হিসাব [Consolidated Customer Account (CCA)] -এ জমাকৃত অর্থ সংরক্ষণের নিমিত্ত নিম্নোক্ত বিধানাবলীও পরিপালন করিতে হইবেঃ-

(ক) গ্রাহকের সমন্বিত হিসাবে জমাকৃত অর্থ হইতে স্টক-ব্রোকার কর্তৃক কোন ভাবেই কোন প্রকার অগ্রিম বা মার্জিন ঋণ প্রদান করা যাইবে না অথবা উক্ত হিসাবে জমাকৃত অর্থ লিয়েন বা জামানত হিসাবে ব্যবহার করিয়া কোন ব্যক্তি, ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হইতে কোন প্রকার ঋণ, অগ্রিম বা ওভারড্রাফট (overdraft) সুবিধা গ্রহণ করা যাইবে না;

(খ) প্রতি ইংরেজী পঞ্জিকা বৎসরের জানুয়ারি মাস শেষ হইবার পূর্বে স্টক এক্সচেঞ্জ সংশ্লিষ্ট স্টক-ব্রোকার এর গ্রাহকের সমন্বিত হিসাবের হালনাগাদকৃত তালিকা বাংলাদেশ ব্যাংকের অনুমোদিত সমুদয় তফসিলি ব্যাংকে, যে ব্যাংকে যে স্টক-ব্রোকারের গ্রাহকের সমন্বিত হিসাব পরিচালিত হচ্ছে, প্রেরণ করিবে;

(গ) গ্রাহকের সমন্বিত হিসাব হইতে নগদ চেক-এর মাধ্যমে কোন অর্থ উত্তোলন এর সুযোগ প্রদান করা যাইবে না মর্মে স্টক এক্সচেঞ্জ সংশ্লিষ্ট ব্যাংককে জানাইয়া দিবে।

## ষষ্ঠ অধ্যায়
## স্টক-ডিলার বা স্টক-ব্রোকার এর হিসাব বহি, নথিপত্র ও পরিদর্শন।

২২। **স্টক-ডিলার বা স্টক-ব্রোকার এর হিসাব বহি, নথিপত্র, আর্থিক হিসাব বিবরণী ও নিরীক্ষা, ইত্যাদি।-** (১) প্রত্যেক স্টক-ডিলার বা স্টক-ব্রোকার অধ্যাদেশ বা আইন বা উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত হিসাব বহি, রেজিস্টার ও অন্যান্য কাগজপত্র বা দলিলাদিসহ নিম্নবর্ণিত হিসাব বহি, নথিপত্র, রেজিস্টার ও দলিলাদি সংরক্ষণ করিবে, যথাঃ-

(ক) মক্কেলগণের নাম, ঠিকানা, জাতীয় পরিচয়পত্র নম্বর সংক্রান্ত তথ্য, মোবাইল /টেলিফোন নম্বর, ইমেইল আইডি, ব্যাংক হিসাব সংক্রান্ত তথ্য, নমিনী সংক্রান্ত তথ্য, হিসাব পরিচালনার জন্য অনুমোদিত ব্যক্তির (authorized person) নাম এবং সংশ্লিষ্ট কোড নম্বর সম্বলিত রেজিস্টার;

(খ) সিকিউরিটি ক্রয়-বিক্রয় সংক্রান্ত নিম্মোক্ত রেজিস্টারসমূহ-

(অ) হাওলা বা চুক্তিভিত্তিক রেজিস্টার,

(আ) সিকিউরিটিভিত্তিক রেজিস্টার,

(ই) মক্কেল ভিত্তিক রেজিস্টার,

(ঈ) নির্ধারিত স্ট্যাম্প মার্জিন ঋণ প্রদান সংক্রান্ত চুক্তিপত্র।

(গ) বিনিয়োগকারী (BO) হিসাবের ক্ষমতা অর্পণ (Power of Attorney) সংক্রান্ত দলিলপত্র, ইত্যাদি।

(২) কম্পিউটার সফটওয়্যারের মাধ্যমে হিসাব বহি, রেজিস্টার ও অন্যান্য দলিলাদি সংরক্ষণ করিলে প্রধান নির্বাহী কর্মকর্তা বা প্রধান আর্থিক কর্মকর্তার স্বাক্ষরযুক্ত উহাদের একটি করিয়া মুদ্রিত কপি (hard copy) সর্বদা সংরক্ষণ করিতে হইবে।

(৩) স্টক-ডিলার বা স্টক-ব্রোকারের অধীন নিযুক্ত অনুমোদিত প্রতিনিধি সংক্রান্ত নিম্নবর্ণিত দলিলাদি সংরক্ষণ করিতে হইবে -

(ক) অনুমোদিত প্রতিনিধির নাম, ঠিকানা ও তাহাকে বরাদ্দকৃত ট্রেডিং ওয়ার্কস্টেশন (Trading Workstation) সংক্রান্ত তথ্যাদি সম্বলিত তালিকা;

(খ) অনুমোদিত প্রতিনিধির নিয়োগ, পদোন্নতি, পদত্যাগ ও অব্যাহতি সংক্রান্ত শর্তাবলী, দায়িত্ব এবং কাজের পরিধি সম্বলিত চুক্তিপত্র ।

(৪) স্টক-ডিলার বা স্টক-ব্রোকার কর্তৃক এই বিধির অধীন রক্ষণীয় হিসাব বহি, রেজিস্টার এবং অন্যান্য দলিলাদি সংরক্ষণ এবং আর্থিক হিসাব বিবরণী প্রস্তুতকরণ ও নিরীক্ষা করিবার পদ্ধতি, ইত্যাদি ক্ষেত্রে Securities and Exchange Rules, 2020 এর বিধান অনুসরণ করিতে হইবেঃ-

তবে শর্ত থাকে যে, আর্থিক বিবরণী প্রস্তুতের সময় Bangladesh Securities and Exchange Commission (Risk Based Capital Adequacy) Rules, 2019 ও অন্যান্য বিধান, যা প্রযোজ্য, অনুযায়ী বিবৃতি (Disclosure), ইত্যাদি সহকারে প্রস্তুত করিতে হইবে।

(৫) প্রত্যেক অর্থ বৎসরের আর্থিক হিসাব বিবরণী সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ কর্তৃক সময় সময় নির্ধারিত চার্টার্ড অ্যাকাউন্ট্যাস্ বা অডিট ফার্ম (Panel of Auditors) দ্বারা নিরীক্ষা করাইতে হইবে এবং নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী উক্ত অর্থ বৎসর শেষ হইবার চার মাসের মধ্যে সংশ্লিস্ট স্টক এক্সচেঞ্জের মাধ্যমে কমিশনের নিকট দাখিল করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, উক্ত অর্থ বৎসর শেষ হইবার চার মাসের মধ্যে সংশ্লিস্ট স্টক এক্সচেঞ্জের মাধ্যমে কমিশনের নিকট দাখিল করিতে কোন স্টক-ডিলার বা স্টক-ব্রোকার ব্যর্থ হয়, সেক্ষেত্রে সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ কমিশনকে অবহিতক্রমে উক্ত স্টক-ডিলার বা স্টক-ব্রোকার-কে এক মাসের সময় বর্ধিত করিতে পারিবেঃ

আরও শর্ত থাকে যে, কমিশনের অনুমোদন ব্যতীত আর কোন সময় বৃদ্ধি করা যাইবে না।

(৬) স্টক-ডিলার বা স্টক-ব্রোকার যদি একাধিক স্টক এক্সচেঞ্জের ট্রেকহোল্ডার হয় তাহা হইলে প্রত্যেক স্টক এক্সচেঞ্জে উহার ব্যবসায় সম্পর্কীয় হিসাব পৃথকভাবে হিসাব বিবরণীতে উল্লেখ করিতে হইবেঃ

(৭) হিসাব বহি, রেজিস্টার এবং অন্যান্য দলিলাদি সংরক্ষণ এবং আর্থিক হিসাব বিবরণী প্রস্তুতকরণ ও নিরীক্ষা করিবার পদ্ধতি কমিশন সময় সময় আদেশ দ্বারা নির্ধারণ করিতে পারিবে।

(৮) এই বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, কমিশন প্রয়োজন বোধ করিলে, কোন স্টক-ডিলার বা স্টক ব্রোকারের হিসাব নিরীক্ষার জন্য একজন বিশেষ নিরীক্ষক নিয়োগ করিতে পারিবে যাহার খরচ উক্ত স্টক-ডিলার বা স্টক-

ব্রোকার বহন করিবে। বিশেষ নিরীক্ষক তাহার নিয়োগ পত্রে উল্লিখিত কার্যপরিধি (Terms of Reference) অনুযায়ী ও নির্ধারিত সময়ের মধ্যে কমিশনের নিকট নিরীক্ষা রিপোর্ট পেশ করিবেন।

২৩। **হিসাব বহি, নথিপত্র, ইত্যাদি সংরক্ষণের মেয়াদ।-** বিধি ২২ তে উল্লিখিত হিসাব বহি, রেজিস্টার, চুক্তিপত্র এবং অন্যান্য দলিলপত্র অন্যূন সাত বৎসর যাবৎ সংরক্ষণ করিতে হইবে।

২৪। **স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধির বিষয়াবলী পরিদর্শন, ইত্যাদি।–** (১) কমিশন, পুঁজিবাজারের উন্নয়ন ও বিনিয়োগকারীর স্বার্থে, কোন স্টক-ডিলার বা স্টক-ব্রোকার এর নিয়মিত কার্যক্রম পরিদর্শনের পাশাপাশি বিশেষ পরিদর্শন বা তদন্ত কার্যক্রম পরিচালনা করিবার জন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে যে কোন সময় নিয়মিত পরিদর্শন বা বিশেষ পরিদর্শন বা তদন্ত করিবার ক্ষমতা প্রদান করিতে বা পরিদর্শক বা তদন্তকারী হিসাবে নিয়োগ প্রদান করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এর বিধানাবলী ক্ষুণ্ন না করিয়া প্রত্যেক স্টক-ডিলার বা স্টক-ব্রোকার এর পরিচালক, কর্মকর্তা, নিরীক্ষক বা অনুমোদিত প্রতিনিধি কমিশন কর্তৃক নিযুক্ত পরিদর্শন বা তদন্ত কর্মকর্তার লিখিত চাহিদা মোতাবেক তথ্য, নথি, ব্যাখ্যা প্রদান, বা যৌক্তিক যে কোন সহযোগিতা প্রদান করিতে বাধ্য থাকিবে।

(৩) স্টক এক্সচেঞ্জ কর্তৃক প্রতি দুই বৎসরে অন্ততঃ একবার প্রত্যেক স্টক-ডিলার বা স্টক-ব্রোকার এবং উহার ব্রাঞ্চ বা বুথ এর কার্যক্রম নিয়মিত পরিদর্শন করিতে হইবে ।

(৪) কমিশনকে অবহিত করিয়া, স্টক এক্সচেঞ্জ বিনিয়োগকারীদের স্বার্থে যে কোন সময় কোন স্টক-ডিলার বা স্টক-ব্রোকার এর কার্যকলাপ নিয়মিত পরিদর্শন বা বিশেষ পরিদর্শন করিতে পারিবে।

(৫) নিয়মিত পরিদর্শন বা বিশেষ পরিদর্শন শেষ হইবার পনের কার্য দিবসের মধ্যে স্টক এক্সচেঞ্জ কর্তৃক কমিশনে উক্ত পরিদর্শন প্রতিবেদন দাখিল করিবে।

(৬) উপ-বিধি (৩) ও (৪) এর বিধানাবলী ক্ষুণ্ন না করিয়া প্রত্যেক স্টক-ডিলার বা স্টক-ব্রোকার এর পরিচালক, কর্মকর্তা, নিরীক্ষক বা অনুমোদিত প্রতিনিধি স্টক এক্সচেঞ্জ বা তৎকর্তৃক নিয়োগকৃত নিয়মিত পরিদর্শন বা বিশেষ পরিদর্শন কর্মকর্তার লিখিত চাহিদা মোতাবেক নথিপত্র বা ব্যাখ্যা প্রদান বা যৌক্তিক যে কোন সহযোগিতা করিতে বাধ্য থাকিবে।

## সপ্তম অধ্যায়
## বিবিধ।

**২৫। কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগ, পদোন্নতি, অপসারণ ও বহিষ্কার, ইত্যাদিঃ-** (১) প্রত্যেক স্টক-ডিলার বা স্টক -ব্রোকার উহার কর্মকর্তা-কর্মচারী সংক্রান্ত নীতিমালা প্রণয়ন করিবে এবং উক্ত নীতিমালা অনুযায়ী কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগ, পদোন্নতি, অপসারণ, বহিষ্কার, ইত্যাদি সংক্রান্ত কার্যাবলী সম্পাদিত হইবে।

(২) কর্মকর্তা বা কর্মচারীর পদত্যাগের প্রেক্ষিতে সংশ্লিষ্ট কর্মকর্তাকে অব্যাহতি প্রদানের লক্ষ্যে উক্ত নীতিমালা অনুসরণ করিবে। অব্যাহতি প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাবলী পরিপালন করিতে হইবেঃ

(ক) যুক্তি সংগত কারণে, যথাঃ আর্থিক পাওনাদি বা সম্পদ আত্মসাৎ, ইত্যাদি সংক্রান্ত বিষয়ে সুনির্দিষ্ট অভিযোগ থাকিলে তাহা সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জকে অবহিত করিতে হইবে।

(খ) সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ উভয় পক্ষকে (সংশ্লিষ্ট স্টক-ডিলার বা স্টক-ব্রোকার কোম্পানি এবং পদত্যাগকারী কর্মকর্তা) শুনানীর যুক্তিসংগত সুযোগ প্রদান সাপেক্ষে অব্যাহতির নির্দেশনা প্রদান করিতে পারিবে।

(গ) যৌক্তিক কারণ ব্যতিরেকে, কোন স্টক-ডিলার বা স্টক-ব্রোকার কোম্পানি যদি উহার কোন কর্মকর্তা বা কর্মচারীকে অব্যাহতি প্রদান না করে তবে উক্ত কর্মকর্তা বা কর্মচারী কর্তৃক পদত্যাগ পত্র দাখিলের ২ (দুই) মাস অতিবাহিত হইলে আবেদনকারী স্বয়ংক্রিয়ভাবে অব্যাহতি পাইয়াছেন বলিয়া গণ্য হইবে।

(৩) স্টক-ডিলার বা স্টক-ব্রোকার কর্তৃক কর্মকর্তা ও কর্মচারী নিয়োগের ক্ষেত্রে স্টক এক্সচেঞ্জ কর্তৃক নির্ধারিত ও কমিশন কর্তৃক অনুমোদিত ন্যূনতম বেতন বা বেতন কাঠামো অনুসরণ করিতে হইবে।

২৬। **আপীল।—** (১) কোন স্টক-ব্রোকার, স্টক-ডিলার বা উহাদের নিযুক্ত কোন কর্মকর্তা-কর্মচারি অথবা অনুমোদিত প্রতিনিধি এই বিধিমালার অধীন স্টক এক্সচেঞ্জ কর্তৃক প্রদত্ত কোন আদেশের দ্বারা সংক্ষুব্ধ হইলে উক্ত আদেশের বিরুদ্ধে কমিশনের নিকট আপীল দায়ের করিতে পারিবে এবং উক্ত আপীলের ক্ষেত্রে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (আপীল) প্রবিধানমালা, ১৯৯৫ এর বিধানসমূহ প্রয়োজনীয় পরিবর্তন সাপেক্ষে প্রযোজ্য হইবে।

(২) এই বিধিমালার বিধি-২৬ এর বিধান সাপেক্ষে আপীলে প্রদত্ত সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

২৭। **পুনঃ বিবেচনা।—** (১) কমিশন, স্বীয় উদ্যোগে বা সংশ্লিষ্ট ব্যক্তির আবেদনের প্রেক্ষিতে এই বিধিমালার অধীন প্রদত্ত কোন আদেশ, নির্দেশ বা সিদ্ধান্ত পুনঃবিবেচনা করিতে পারিবে এবং এই ক্ষেত্রে কমিশনের সিদ্ধান্তই চূড়ান্ত হইবে।

(২) এই বিধিমালার অধীন প্রদত্ত কোন আদেশ, নির্দেশ বা সিদ্ধান্ত পুনঃবিবেচনার আবেদন উক্ত আদেশ, নির্দেশ বা সিদ্ধান্ত প্রদানের তারিখ হইতে নব্বই দিনের মধ্যে দায়ের করিতে হইবে।

(৩) বিধি ১০(১) বা বিধি ১০(৬) এর অধীন নিবন্ধন সনদের কার্যকারিতা স্থগিত করা হইলে এবং উক্ত স্থগিতাদেশ পুনঃবিবেচনার আবেদন দাখিল করা হইলে উক্ত আবেদন নিস্পত্তি না হওয়া পর্যন্ত নিবন্ধন সনদের কার্যকারিতা স্থগিত থাকিবে।

(৪) পুনঃবিবেচনার সিদ্ধান্ত অনুসারে কোন স্টক-ডিলার, স্টক-ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধির সনদ বাতিল কিংবা স্থগিত হইলে উক্ত সিদ্ধান্তের একটি অনুলিপি সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ বরাবর প্রেরণ করিতে হইবে।

২৮। **স্টক-ডিলার বা স্টক-ব্রোকারের সনদ বাতিলের ক্ষেত্রে অধীনস্ত অনুমোদিত প্রতিনিধির অবস্থান।-** এই বিধিমালার অধীন কোন স্টক-ডিলার বা স্টক-ব্রোকারের সনদ বাতিল বা স্থগিত করা হইলে তাহার অধীনস্ত কোন অনুমোদিত প্রতিনিধি উক্ত স্টক-ডিলার বা স্টক-ব্রোকারের পক্ষে সিকিউরিটি ক্রয়-বিক্রয় ও এতদ্‌সংক্রান্ত কার্যাদি করিতে পারিবেন না।

২৯। **নোটিশ, ইত্যাদি জারীকরণ।-** এই বিধিমালার অধীন কোন নোটিশ জারীর প্রয়োজন হইলে বা কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে কোন আদেশ বা অন্য কিছু সম্পর্কে অবহিত করার প্রয়োজন হইলে উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধির নিকট **ব্যক্তিগতভাবে** নোটিশ জারী করা যাইবে বা সংশ্লিষ্ট বিষয় অবহিত করা যাইবে; অন্যথায় উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের, বা তাহার বা উহার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির, সর্বশেষ জানা ঠিকানায় রেজিস্টার্ড ডাকযোগে বা বিশেষ বাহক বা কুরিয়ার সার্ভিস বা ই-মেইল মারফত, অথবা প্রয়োজনে সংবাদ পত্রের মাধ্যমে, উক্ত নোটিশ জারী বা সংশ্লিষ্ট বিষয় অবহিত করা যাইবে।

৩০। **স্টক-ডিলার ও স্টক-ব্রোকার সম্পর্কে বিশেষ বিধান।-** (১) এই বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, কোন স্টক-ডিলার বা স্টক-ব্রোকার, এই বিধিমালা অনুযায়ী নিবন্ধন সনদ গ্রহণের ০৬ (ছয়) মাসের মধ্যে ব্যবসায়িক কার্যক্রম শুরু করিবে, অন্যথায় উক্ত নিবন্ধন সনদ বাতিল বলিয়া গণ্য হইবে।

(২) প্রত্যেক স্টক -ডিলার, স্টক- ব্রোকার কর্তৃক Securities and Exchange Rules, 2020 এবং Bangladesh Securities and Exchange Commission (Risk Based Capital Adequacy) Rules, 2019 এর বিধানাবলী এই বিধিমালা অনুযায়ী পরিপালনীয় হিসেবে গণ্য হইবে।

৩১। **আদেশ বা নির্দেশ পরিপালন, লংঘন, ইত্যাদি।-** এই বিধিমালার অধীন প্রদত্ত আদেশ বা নির্দেশসমূহ আইন বা প্রযোজ্য ক্ষেত্রে অধ্যাদেশ মোতাবেক প্রদত্ত পরিপালনীয় আদেশ বা নির্দেশ হিসাবে গণ্য হইবে, এবং উক্ত আদেশ বা নির্দেশের কোনো লংঘন আইন বা প্রযোজ্য ক্ষেত্রে অধ্যাদেশের লংঘন হিসেবে পরিগণিত হইবে।

৩২। **রহিতকরণ ও হেফাজত।- (১)** সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, রহিত বিধিমালার অধীনকৃত কোন কাজ কর্ম, গৃহীত কোন ব্যবস্থা, প্রদত্ত কোন আদেশ, নির্দেশ বা নিবন্ধন সনদ, দায়েরকৃত কোন আবেদন, আবেদনপত্র বা আপীল, জমাকৃত কোন ফিস, রক্ষিত কোন রেকর্ড বা দলিল দস্তাবেজ, পরিচালিত কোন তদন্ত, পেশকৃত কোন তদন্ত প্রতিবেদন বা জারীকৃত কোন নোটিশ এই বিধিমালার অধীন কৃত, গৃহীত, প্রদত্ত, দায়েরকৃত, জমাকৃত, রক্ষিত, পরিচালিত, পেশকৃত বা জারীকৃত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

প্রথম তফসিল

(ফরমসমূহ)

ফরম ক

[বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০২৩ এর বিধি ৩(৩)(ক) দ্রষ্টব্য]

**স্টক-ডিলার হিসাবে নিবন্ধন সনদ প্রাপ্তির জন্য বাংলাদেশ সিকিরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নিকট** আবেদন

১। আবেদনকারীর নাম :

২। আবেদনকারীর ঠিকানা :

[ঠিকানা পরিবর্তিত হইলে উহা তিন কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ ও কমিশনকে লিখিতভাবে অবহিত করিতে হইবে]।

৩। আবেদনকারী যে স্টক এক্সচেঞ্জের ট্রেকহোল্ডার উহার
   (ক) নাম ও ঠিকানা :
   (খ) ট্রেক কোড নং :
   (গ) ট্রেক ইস্যুর তারিখ :

৪। আবেদনকারীর আইনগত মর্যাদা : কোম্পানি/সংবিধিবদ্ধ সংস্থা
   (অপ্রযোজ্যটি কাটিয়া দিন)।

৬। আবেদনকারীর পক্ষে স্বাক্ষরকারী ব্যক্তির নাম :
   ও প্রদত্ত ক্ষমতার বিবরণ
   (ক্ষমতাপত্রের অনুলিপি দাখিল করুন)।

৭। আবেদনকারীর (ক) অফিসের ফোন/ফ্যাক্স :
   টেলেক্স/ই-মেইল-
   (খ) প্রধান নির্বাহীর বাসার ফোন/ফ্যাক্স/টেলেক্স/ই-মেইল-

৮। আবেদনকারী কোন কোম্পানি হইলে কোম্পানির :
   পরিচালকগণের নাম, ঠিকানা এবং অন্য যে সকল
   কোম্পানিতে/প্রতিষ্ঠানে মালিকানা বা ব্যবসায়িক
   সম্পর্ক রহিয়াছে তাহার বিবরণ।

৯। আবেদনকারীর সিকিউরিটি ব্যবসায়ে অভিজ্ঞতা (যদি থাকে) :

১০। আবেদনকারীর পরিশোধিত মূলধন ও নীট সম্পদ (Networth) [.............তারিখে] :
   [ নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী দাখিল করুন]

১১। আবেদনকারী কোন মার্চেন্ট ব্যাংকার, পোর্টফোলিও :
   ম্যানেজার, মিউচ্যুয়াল ফান্ডের ট্রাস্টি, হেফাজতকারী বা সম্পদ
   ব্যবস্থাপক, বা ফান্ড ম্যানেজার কিনা?

১২। কমিশন কর্তৃক বাতিলকৃত / বাজেয়াপ্ত কোন স্টক ডিলার:
   বা স্টক-ব্রোকারের সাথে সম্পর্কিত কি না?

১৩। আবেদনকারী বা উহার পরিচালকমন্ডলীর কোন :
   সদস্য কোন সময় জালিয়াতি, প্রতারণামূলক বা অসাধু

কার্যকলাপজনিত কোন ফৌজদারী অপরাধের দায়ে দন্ডিত
হইয়াছিল কি না? হইলে কখন, কোথায় এবং কোন অপরাধে?

১৪। আবেদনকারী বা উহার পরিচালক মন্ডলীর কোন সদস্য কোন সময় আদালত কর্তৃক দেউলিয়া বা বিকারগ্রস্থ বলিয়া ঘোষিত হইয়াছিল কিনা? হইলে কখন, কোথায়? :

১৫। আবেদনকারী বা উহার পরিচালকমন্ডলীর কোন সদস্য কোন ব্যাংকের ঋণ খেলাপী কিনা? হইলে কোন ব্যাংক এবং কত টাকা? :

১৬। আবেদনকারীর অনুমোদিত প্রতিনিধি বা প্রতিনিধিগণের (যদি থাকে) এর -

| | | |
|---|---|---|
| (ক) | নাম | : |
| (খ) | পিতার নাম | : |
| (গ) | স্থায়ী ঠিকানা | : |
| (ঘ) | বর্তমান ঠিকানা | : |
| (ঙ) | অফিসের ঠিকানা | : |
| (চ) | শিক্ষাগত যোগ্যতা | ; |

১৭। আবেদনকারীর কর্মচারীর সংখ্যা :

১৮। অন্যান্য তথ্যাদি :

আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, উপরে প্রদত্ত তথ্যাদি আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য ও সঠিক।

তারিখ.............................  ........................
আবেদনকারীর স্বাক্ষর

**স্টক এক্সচেঞ্জের সুপারিশ**

এই মর্মে প্রত্যায়ন করা যাইতেছে যে, উপরিউক্ত আবেদনকারী.........................................................................(নাম লিখুন) অত্র...................... স্টক এক্সচেঞ্জের একজন ট্রেকহোল্ডার। উহার ট্রেক নং...................... এবং ট্রেক ইস্যুর তারিখ........................... । স্টক ডিলার হিসাবে উহাকে সনদ প্রদানের জন্য সুপারিশ করা হইল।

................................
ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নিয়ন্ত্রণকারী কর্মকর্তা (Chief Regulatory Officer)

নাম...........................
পদবি ও সীল................
................স্টক এক্সচেঞ্জ

তারিখ:.......................
(অপ্রযোজ্য অংশ কাটিয়া দিন)।

ফরম খ

[বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০২৩ এর বিধি ৩(৩)(খ) দ্রষ্টব্য]

**স্টক-ব্রোকার হিসাবে নিবন্ধন সনদ প্রাপ্তির জন্য বাংলাদেশ সিকিরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নিকট** আবেদন

১। আবেদনকারীর নাম :

২। আবেদনকারীর ঠিকানা :

[ঠিকানা পরিবর্তিত হইলে উহা তিন কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ ও কমিশনকে লিখিতভাবে অবহিত করিতে হইবে]।

৩। আবেদনকারী যে স্টক এক্সচেঞ্জের ট্রেক উহার

(ক) নাম ও ঠিকানা :

(খ) ট্রেক কোড নং :

(গ) ট্রেক ইস্যুর তারিখ :

৪। আবেদনকারীর আইনগত মর্যাদা : কোম্পানি/সংবিধিবদ্ধ সংস্থা
(অপ্রযোজ্যটি কাটিয়া দিন)।

৬। আবেদনকারীর পক্ষে স্বাক্ষরকারী ব্যক্তির নাম :
ও প্রদত্ত ক্ষমতার বিবরণ
(ক্ষমতাপত্রের অনুলিপি দাখিল করুন)।

৭। আবেদনকারীর (ক) অফিসের ফোন/ফ্যাক্স :
টেলেক্স/ই-মেইল-
(খ) প্রধান নির্বাহীর বাসার ফোন/ফ্যাক্স/টেলেক্স/ই-মেইল-

৮। আবেদনকারী কোন কোম্পানি হইলে কোম্পানির :
পরিচালকগণের নাম, ঠিকানা এবং অন্য যে সকল
কোম্পানিতে/প্রতিষ্ঠানে মালিকানা বা ব্যবসায়িক
সম্পর্ক রহিয়াছে তাহার বিবরণ।

৯। আবেদনকারীর সিকিউরিটি ব্যবসায়ে অভিজ্ঞতা (যদি থাকে) :

১০। আবেদনকারীর পরিশোধিত মূলধন ও নীট সম্পদ (Networth) [.............তারিখে] :
[ নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী দাখিল করুন]

১১। আবেদনকারী কোন মার্চেন্ট ব্যাংকার, পোর্টফোলিও :
ম্যানেজার, মিউচ্যুয়াল ফান্ডের ট্রাস্টি, হেফাজতকারী বা সম্পদ
ব্যবস্থাপক, বা ফান্ড ম্যানেজার কিনা?

১২। কমিশন কর্তৃক বাতিলকৃত / বাজেয়াপ্ত কোন স্টক ডিলার বা স্টক ব্রোকারের সাথে সম্পর্কিত কি না?

১৩। আবেদনকারী বা উহার পরিচালকমন্ডলীর কোন :
সদস্য কোন সময় জালিয়াতি, প্রতারণামূলক বা অসাধু
কার্যকলাপজনিত কোন ফৌজদারী অপরাধের দায়ে দন্ডিত

হইয়াছিল কি না? হইলে কখন, কোথায় এবং কোন অপরাধে?

১৪। আবেদনকারী বা উহার পরিচালক মন্ডলীর কোন সদস্য কোন সময় আদালত কর্তৃক দেউলিয়া বা বিকারগ্রস্থ বলিয়া ঘোষিত হইয়াছিল কিনা? হইলে কখন, কোথায়? :

১৫। আবেদনকারী বা উহার পরিচালকমন্ডলীর কোন সদস্য কোন ব্যাংকের ঋণ খেলাপী কিনা? হইলে কোন ব্যাংক এবং কত টাকা? :

১৬। আবেদনকারীর অনুমোদিত প্রতিনিধি বা প্রতিনিধিগণের (যদি থাকে) এর -

(ক) নাম :
(খ) পিতার নাম :
(গ) স্থায়ী ঠিকানা :
(ঘ) বর্তমান ঠিকানা :
(ঙ) অফিসের ঠিকানা :
(চ) শিক্ষাগত যোগ্যতা ;

১৭। আবেদনকারীর কর্মচারীর সংখ্যা :

১৮। অন্যান্য তথ্যাদি :

আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, উপরে প্রদত্ত তথ্যাদি আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য ও সঠিক।

তারিখ............................ ........................
আবেদনকারীর স্বাক্ষর

**স্টক এক্সচেঞ্জের সুপারিশ**

এই মর্মে প্রত্যায়ন করা যাইতেছে যে, উপরিউক্ত আবেদনকারী........................................................................(নাম লিখুন) অত্র...................... স্টক এক্সচেঞ্জের একজন ট্রেকহোল্ডার। উহার ট্রেক নং...................... এবং ট্রেক ইস্যুর তারিখ........................... । স্টক ডিলার হিসাবে উহাকে সনদ প্রদানের জন্য সুপারিশ করা হইল।

................................
ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নিয়ন্ত্রণকারী কর্মকর্তা

নাম...........................
পদবি ও সীল................
................স্টক এক্সচেঞ্জ

তারিখ:.......................
(অপ্রযোজ্য অংশ কাটিয়া দিন)।

ফরম গ

[বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০২৩ এর বিধি ৩(৩)(গ) দ্রষ্টব্য]।

**অনুমোদিত প্রতিনিধি হিসাবে নিবন্ধন সনদ প্রাপ্তির জন্য বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নিকট** আবেদন।

| স্টক-ডিলার/স্টক-ব্রোকার কর্তৃক সত্যায়িত ছবি |
|---|

১। আবেদনকারীর নাম :

২। আবেদনকারীর পিতার নাম :

৩। আবেদনকারীর ঠিকানা ও টেলিফোন নং :

[ঠিকানা পরিবর্তিত হইলে উহা তিন কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ ও কমিশনকে সংশ্লিষ্ট স্টক-ডিলার/স্টক-ব্রোকারের মাধ্যমে লিখিতভাবে অবহিত করিতে হইবে ]।

৪। আবেদনকারীর জন্ম তারিখ ও বয়সঃ

৫। আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা ও পেশাগত প্রশিক্ষণ/ অভিজ্ঞতাঃ
(সনদের সত্যায়িত কপি সংযুক্ত করুন)।

৬। আবেদনকারীর -
(ক) সংশ্লিষ্ট স্টক-ডিলার/স্টক-ব্রোকারের নাম
(খ) তাহার সহিত সম্পাদিত চুক্তিপত্রের তারিখ ও মেয়াদ
(সংশ্লিষ্ট স্টক-ডিলার/স্টক-ব্রোকার কর্তৃক সত্যায়িত অনুলিপি দাখিল করুন)

৭। আবেদনকারী অনুমোদিত প্রতিনিধি হিসাবে নিয়োগ প্রাপ্তির তারিখ

৮। আবেদনকারী কোন সময় জালিয়াতি, প্রতারণামূলক বা অসাধু-কার্যকলাপজনিত কোন ফৌজদারী অপরাধের দায়ে কোন সময় দন্ডিত হইয়াছিল কিনা? হইলে কখন, কোথায় এবং কোন অপরাধে-

৯। আবেদনকারী কোন সময় সিকিউরিটিজ আইন ভঙ্গা বা অন্য কোন কারনে কমিশন বা এক্সচেঞ্জ কর্তৃক শাস্তি প্রাপ্ত হইয়াছেন কি না?

হইলে তাহার বিবরণঃ

১০। অন্যান্য তথ্য

আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, উপরে প্রদত্ত তথ্যাদি আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য ও সঠিক।

........................

তারিখ.............................. আবেদনকারীর স্বাক্ষর

**স্টক এক্সচেঞ্জের সুপারিশ**

এই মর্মে প্রত্যায়ন করা যাইতেছে, উপরিউক্ত আবেদনকারী ................................................................................ (নাম লিখুন) অত্র ............................................... স্টক এক্সচেঞ্জের স্টক-ডিলার/স্টক-ব্রোকার ........................................................................ (নাম লিখুন) .......................... কোড নং................................ কর্তৃক নিযুক্ত একজন অনুমোদিত প্রতিনিধি। তাহাকে অনুমোদিত প্রতিনিধি হিসাবে সনদ প্রদানের জন্য সুপারিশ করা হইল।

তারিখঃ....................................

(অপ্রযোজ্য অংশ কাটিয়া দিন)।

ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নিয়ন্ত্রণকারী কর্মকর্তা
নাম..................................
পদবি ও সীল
.......................স্টক এক্সচেঞ্জ

ফরম ঘ

[বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০২৩ এর বিধি ৫(৩) দ্রষ্টব্য]

(কমিশনের মনোগ্রাম)

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
**স্টক-ডিলার নিবন্ধন সনদ**

নিবন্ধন ক্রমিক নং.............. সনদ প্রদানের তারিখ......................

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫নং আইন) এর ধারা ১০(১) এ প্রদত্ত ক্ষমতাবলে এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০২৩ অনুসারে এতদ্বারা ....................................................... (নাম লিখুন) ......................................... ঠিকানা ....................................... কে নিবন্ধিকৃত স্টক-ডিলার হিসাবে এই নিবন্ধন সনদ প্রদান করা হইল। তিনি এই সনদে উল্লিখিত শর্তাধীনে সিকিউরিটি ক্রয়-বিক্রয় এবং এতদ্সংক্রান্ত কার্যাদি করিতে পারিবেন।

এই নিবন্ধন সনদ ....................... তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে এবং পরবর্তীতে উহা অত্র সনদে নির্দিষ্ট ছকে নবায়ন করা যাইবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে

.................................................
সনদ প্রদানকারী কর্মকর্তার স্বাক্ষর
নাম : ..........................................
পদবি ও সীল ................................

ফরম ৬

[বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০২৩ এর বিধি ৫(৩) দ্রষ্টব্য]

(কমিশনের মনোগ্রাম)

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

**স্টক-ব্রোকার নিবন্ধন সনদ**

নিবন্ধন ক্রমিক নং............. সনদ প্রদানের তারিখ......................

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫নং আইন) এর ধারা ১০(১) এ প্রদত্ত ক্ষমতাবলে এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০২৩ অনুসারে এতদ্বারা ....................................................... (নাম লিখুন) ......................................... ঠিকানা ...................................... কে নিবন্ধিকৃত স্টক-ব্রোকার হিসাবে এই নিবন্ধন সনদ প্রদান করা হইল। তিনি এই সনদে উল্লিখিত শর্তাধীনে সিকিউরিটি ক্রয়-বিক্রয় এবং এতদ্‌সংক্রান্ত কার্যাদি করিতে পারিবেন।

এই নিবন্ধন সনদ ...................... তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে এবং পরবর্তীতে উহা অত্র সনদে নির্দিষ্ট ছকে নবায়ন করা যাইবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে

................................................
সনদ প্রদানকারী কর্মকর্তার স্বাক্ষর
নাম : ..........................................
পদবি ও সীল ...............................

ফরম চ

[বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০২৩ এর বিধি ৫(৩) দ্রষ্টব্য]

(কমিশনের মনোগ্রাম)

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
**অনুমোদিত প্রতিনিধি নিবন্ধন সনদ**

নিবন্ধন ক্রমিক নং............. সনদ প্রদানের তারিখ......................

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫নং আইন) এর ধারা ১০(১) এ প্রদত্ত ক্ষমতাবলে এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০২৩ অনুসারে এতদ্বারা ....................................................... (নাম লিখুন) ........................................ ঠিকানা ...................................... কে একজন নিবন্ধিকৃত অনুমোদিত প্রতিনিধি হিসাবে এই নিবন্ধন সনদ প্রদান করা হইল। তিনি এই সনদে উল্লিখিত শর্তাধীনে সিকিউরিটি ক্রয়-বিক্রয় এবং এতদ্‌সংক্রান্ত কার্যাদি করিতে পারিবেন।

এই নিবন্ধন সনদ ....................... তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে এবং পরবর্তীতে উহা অত্র সনদে নির্দিষ্ট ছকে নবায়ন করা যাইবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে

................................................
সনদ প্রদানকারী কর্মকর্তার স্বাক্ষর
নাম : .........................................
পদবি ও সীল ...............................

**সনদ নবায়ন**
(বিধি ৯(৫) দ্রষ্টব্য)

| যে তারিখ পর্যন্ত নবায়িত | পরিবর্তিত ঠিকানা, আইনগত মর্যাদা ইত্যাদি | কর্মকর্তার স্বাক্ষর, তারিখ ও সীল |
|---|---|---|
| ১. | | |
| ২. | | |
| ৩. | | |
| ৪. | | |
| ৫. | | |
| ৬. | | |
| ৭. | | |
| ৮. | | |
| ৯. | | |
| ১০ | | |

(স্টক-ডিলার/স্টক-ব্রোকার/অনুমোদিত প্রতিনিধি এর নিবন্ধন সনদের ক্ষেত্রে প্রযোজ্য শর্তাবলী)

## সনদের শর্তাবলী

১। সনদ প্রাপক এই সনদ বিক্রয়, দান, বন্ধক, লীজ, কমিশন বা লভ্যাংশ ভাগাভাগির ভিত্তিতে ব্যবসা বা অন্য কোনভাবে হস্তান্তর বা দায়বদ্ধ করিতে কিংবা অন্য কাহাকেও এই সনদের অধীনে সিকিউরিটি ক্রয়-বিক্রয় বা উহার কারবার করিতে দিতে পারিবেন না, এবং অন্য কেহ এই সনদের অধীন সিকিউরিটি ক্রয়-বিক্রয় বা উহার কারবার করিতে পারিবেন না।

২। সনদ প্রাপক Securities and Exchange Ordinace, 1969 (XVII of 1969), বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন), এক্সচেঞ্জেস ডিমিউচ্যুয়ালাইজেশন আইন, ২০১৩ এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০২৩ এর বিধানাবলী এবং ইহাদের অধীন কমিশন কর্তৃক সময় সময় প্রদত্ত বা জারীকৃত আদেশ বা নির্দেশ এবং এই সনদের সকল শর্ত মানিয়া চলিতে বাধ্য থাকিবেন।

৩। সনদ প্রাপক উপরিউক্ত বিধিমালার বিধি ২২ অনুসারে প্রয়োজনীয় হিসাব বহি, রেজিস্টার, নথিপত্র ও অন্যান্য দলিলাদি সংরক্ষণ করিবেন।

৪। সনদ প্রাপক তাহার বিষয়াবলী কমিশন বা স্টক এক্সচেঞ্জ কর্তৃক তদন্ত বা পরিদর্শনের ক্ষেত্রে তদন্তকারী বা পরিদর্শকের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় দলিলাদি ও তথ্য সরবরাহ এবং যুক্তি সংগত সকল সহযোগিতা প্রদান করিতে বাধ্য থাকিবেন।

৫। সনদ প্রাপকের নিকট তাহার কোন মক্কেল কোন অভিযোগ উত্থাপন করিলে উক্ত অভিযোগ প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে প্রয়োজনীয় প্রতিকার গ্রহণের জন্য যুক্তিসংগত এবং যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবেন এবং তৎসম্পর্কে মক্কেল ও সংশ্লিষ্ট এক্সচেঞ্জকে অবহিত করিবেন।

৬। প্রতি ইংরেজী পঞ্জিকা বৎসরের ৩১ শে ডিসেম্বর পর্যন্ত প্রাপ্ত অভিযোগের প্রকৃতি ও সংখ্যা এবং তৎসম্পর্কে প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি সম্পর্কে সনদ প্রাপক পরবর্তী ত্রিশ দিনের মধ্যে স্টক এক্সচেঞ্জ ও কমিশনের নিকট একটি প্রতিবেদন দাখিল করিবেন।

৭। স্টক-ডিলার বা স্টক-ব্রোকার যে স্টক এক্সচেঞ্জের ট্রেকহোল্ডার উহার সহিত সংশ্লিষ্ট আইন, বিধি, বিধান, নির্দেশনা এবং অন্যান্য প্রযোজ্য শর্ত মানিয়া চলিবেন।

৮। স্টক-ডিলার বা স্টক-ব্রোকারের ব্যবস্থাপনায়, কাঠামোতে বা উহার আইনগত মর্যাদার কোন পরিবর্তন হইলে তাহা উক্ত পরিবর্তনের পনের কর্মদিবসের মধ্যে সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জের মাধ্যমে কমিশনকে লিখিতভাবে জানানোর জন্য সনদ প্রাপক তথা উহার পরিচালকমন্ডলীর সদস্যগণ দায়ী থাকিবেন।

৯। স্টক-ডিলার এবং স্টক-ব্রোকার তাহার কাজকর্ম পরিচালনার জন্য প্রয়োজনীয় অফিস, সরঞ্জাম এবং লোকবলের ব্যবস্থা রাখিবেন।

১০। স্টক-ডিলার বা স্টক-ব্রোকার বিধি-২২(৪) অনুসারে একটি আর্থিক হিসাব বিবরণী সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জের নিকট নিকট দাখিল করিবেন।

১১। কোন স্টক-ডিলার বা স্টক-ব্রোকার কোন সাবসিডিয়ারি কোম্পানি গঠন করিতে পারিবে না।

১২। স্টক-ডিলার প্রতি অর্থ বছরে ন্যূনতম ১ (এক) কোটি টাকা বা উহার পরিশোধিত মূলধনের ৭৫% এর সমমূল্য, যাহা অধিক হয় সেই মূল্যের সিকিউরিটি ক্রয়-বিক্রয় করিবেন।

১৩। কোন স্টক-ব্রোকার এর অধীন কোন সাব-ব্রোকার বা এজেন্ট নিয়োগ করিতে পারিবে না।

১৪। প্রত্যেক স্টক-ব্রোকার এর সর্বনিম্ন ৫০০টি বিও অ্যাকাউন্ট থাকিতে হইবে এবং প্রতি অর্থ বছরে ন্যূনতম ১০ (দশ) জন মক্কেলের জন্য বিও অ্যাকাউন্ট খুলিবেন।

ফরম ছ

[বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার,স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০২৩ এর বিধি ৯(১) দ্রষ্টব্য]

**স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধির নিবন্ধন সনদের নবায়নের** আবেদন

১। স্টক-ডিলার/ স্টক-ব্রোকার/ অনুমোদিত প্রতিনিধির নাম :

২. ---------তারিখে স্টক-ডিলার/ স্টক-ব্রোকারের পরিশোধিত মূলধন:

৩. ---------- তারিখে স্টক-ডিলার/ স্টক-ব্রোকারের নীট সম্পদ (Net Worth) [৪(১)(ঘ)(ঐ)] :

৪. ---------- তারিখে স্টক-ব্রোকারের মোট মূলধন [Securities and Exchange Rules, 2020 এবং Bangladesh Securities and Exchange Commission (Risk Based Capital Adequacy) Rules, 2019 এর সংশ্লিষ্ট বিধি দ্রষ্টব্য] :

৫.------- তারিখে স্টক-ডিলার/ স্টক-ব্রোকারের তারল্য মূলধন স্থিতি [Securities and Exchange Rules, 2020 এবং Bangladesh Securities and Exchange Commission (Risk Based Capital Adequacy) Rules, 2019 এর সংশ্লিষ্ট বিধি দ্রষ্টব্য] :

৬.------- তারিখে স্টক-ডিলার/ স্টক-ব্রোকারের Capital Adequacy Ratio [Securities and Exchange Rules, 2020 এবং Bangladesh Securities and Exchange Commission (Risk Based Capital Adequacy) Rules, 2019 এর সংশ্লিষ্ট বিধি দ্রষ্টব্য] :

৭.------- তারিখে স্টক-ডিলার/ স্টক-ব্রোকার কর্তৃক সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জে জমাকৃত জামানতের পরিমাণ :

৮. স্টক-ডিলার/ স্টক-ব্রোকারের বার্ষিক নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন এর কপি :

৯. নিবন্ধন সনদের ক্রমিক নং :

১০. সনদ প্রদান, সর্বশেষ নবায়ন ও মেয়াদ উত্তীর্ণের তারিখ :

১১. পরিবর্তিত ঠিকানা (যদি থাকে) :

(ক) স্থায়ী :

(খ) বর্তমান :

(গ) অফিস :

(ঘ) টেলিফোন/ টেলেক্স/ ফ্যাক্স নং/ ই-মেইল :

১২. স্টক-ডিলার/ স্টক-ব্রোকারের ক্ষেত্রে,প্রতিষ্ঠানের বৈশিষ্ট্যের ব্যাপারে কোন কাঠামোগত বা আইনগত পরিবর্তন হইলে উহার সংক্ষিপ্ত বর্ণনা :

(কোন পরিবর্তন হইয়া থাকিলে উহা পরিবর্তনের অনুলিপিসহ তিন কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ ও কমিশনকে লিখিতভাবে অবহিত করিতে হইবে)

১৩. অনুমোদিত প্রতিনিধির ক্ষেত্রে , যে স্টক-ডিলার/স্টক-ব্রোকারের অধীন কর্মরত তাহার -

(ক) নাম ও কোড নং

(খ) ঠিকানা

(ঠিকানার কোন পরিবর্তন হইয়া থাকিলে উহার পরিবর্তনের তিন কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ ও কমিশনকে লিখিতভাবে অবহিত করিতে হইবে)

আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, উপরে প্রদত্ত তথ্যাদি আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য।

তারিখঃ -------------------- -------------------

আবেদনকারীর স্বাক্ষর

**স্টক এক্সচেঞ্জের সুপারিশ**

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে ----------------------------------(নাম লিখুন) ঠিকানা ----------------------------------------------------- এই স্টক এক্সচেঞ্জের স্টক ডিলার /স্টক ব্রোকার নিযুক্ত একজন অনুমোদিত প্রতিনিধি।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক তাহার নিবন্ধন সনদ নবায়নের জন্য সুপারিশ করা হইল।

তারিখঃ --------------------- ------------------------

বিঃ দ্রঃ অপ্রযোজ্য অংশগুলি কাটিয়া দিন। ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নিয়ন্ত্রণকারী কর্মকর্তা

------------স্টক এক্সচেঞ্জ

**ফরম-জ**

[বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার,স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০২৩ এর বিধি ৩(৪) দ্রষ্টব্য]

১.--------- তারিখে পরিশোধিত মূলধন [বিধি ৪(১)(ঘ)]:
(নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী সংযুক্ত করিতে হইবে)

২. ---------- তারিখে নীট সম্পদ (Net Worth) [৪(১)(ঘ)(ঐ)] :

৩. ---------- তারিখে স্টক-ব্রোকারের মোট মূলধন (Total Capital) [Securities and Exchange Rules, 2020 এবং Bangladesh Securities and Exchange Commission (Risk Based Capital Adequacy) Rules, 2019 এর সংশ্লিষ্ট বিধি দ্রষ্টব্য] :

৪.------- তারিখে লিক্যুইড ক্যাপিটাল ব্যালেন্স [Securities and Exchange Rules, 2020 এবং Bangladesh Securities and Exchange Commission (Risk Based Capital Adequacy) Rules, 2019 এর সংশ্লিষ্ট বিধি দ্রষ্টব্য] :

৫.------- তারিখে সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জে স্টক-ব্রোকারের জমাকৃত জামানতের পরিমাণ :

৬. বার্ষিক নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন এর কপি :

৭. প্রধান নির্বাহী কর্মকর্তা বা ব্যবস্থাপনা পরিচালক ও পরিপালন কর্মকর্তা (Compliance Officer) :
এর নাম ও পদবি [বিধি ৪(১) (ট) ও ৪(৭) দ্রষ্টব্য]

৮. রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস কর্তৃক :
Memorandum and Articles of Association
এর সত্যায়িত কপি সংযুক্ত হইয়াছে কি না?

৯. রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস :
কর্তৃক সত্যায়িত Return of Allotment of Shares
(Form XV) সংযুক্ত হইয়াছে কি না?

১০. রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস :
কর্তৃক সত্যায়িত List of Directors (Form XII)
সংযুক্ত হইয়াছে কি না?

১১. Affidavit সংযুক্ত হইয়াছে কি না? :
[বিধি ৪(১) (চ) ও ৪(১)(ঞ) এর স্বপক্ষে]

১২. বিধি ৪(১) (ঝ) অনুযায়ী স্টক এক্সচেঞ্জের প্রত্যায়নপত্র সংযুক্ত :
হইয়াছে কি না

১৩. Credit Information Bureau (CIB) এর রিপোর্ট :
সংগ্রহের জন্য বাংলাদেশ ব্যাংক এর নির্ধারিত ফরম
পূরণ সহ সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র সংযুক্ত হইয়াছে কি না

ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নিয়ন্ত্রণকারী কর্মকর্তা

তারিখ : ......................  ............ স্টক এক্সচেঞ্জ লিঃ

ফরম-ঝ

[বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার,স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০২৩ এর বিধি ৯(৫) দ্রষ্টব্য]

(ক্রমিক নং ১ হইতে ৯ অনুমোদিত প্রতিনিধির ক্ষেত্রে প্রযোজ্য হইবে না)

১. ---------তারিখে স্টক-ডিলার/ স্টক-ব্রোকারের পরিশোধিত মূলধন [বিধি ৪(১)(ঘ)]:

২. ---------- তারিখে নীট সম্পদ (Net Worth) [৪(১)(ঘ)(ঐ)] :

৩. ---------- তারিখে স্টক-ব্রোকারের টোটাল ক্যাপিটাল [Securities and Exchange Rules, 2020 এবং Bangladesh Securities and Exchange Commission (Risk Based Capital Adequacy) Rules, 2019 এর সংশ্লিষ্ট বিধি দ্রষ্টব্য] :

৪.------- তারিখে লিক্যুইড ক্যাপিটাল ব্যালেন্স [Securities and Exchange Rules, 2020 এবং Bangladesh Securities and Exchange Commission (Risk Based Capital Adequacy) Rules, 2019 এর সংশ্লিষ্ট বিধি দ্রষ্টব্য] :

৫.------- তারিখে Capital Adequacy Ratio [Securities and Exchange Rules, 2020 এবং Bangladesh Securities and Exchange Commission (Risk Based Capital Adequacy) Rules, 2019 এর সংশ্লিষ্ট বিধি দ্রষ্টব্য] :

৬.------- তারিখে স্টক-ডিলার/ স্টক-ব্রোকার কর্তৃক সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জে জমাকৃত জামানতের পরিমাণ :

৭. বার্ষিক নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন এর কপি :

৮. আবেদনকারী কর্তৃক তাহার গ্রাহকদিগকে ঋণ সুবিধা (Margin Facilities) প্রদানের ক্ষেত্রে Margin Rules, 1999 পরিপালন হইতেছে কি না :

৯. প্রধান নির্বাহী কর্মকর্তা বা ব্যবস্থাপনা পরিচালক ও পরিপালন কর্মকর্তা (Compliance Officer) এর নাম ও পদবি [বিধি ৪(১) (ট) ও ৪(৭) দ্রষ্টব্য] এবং তিনি তার দায়িত্ব যথাযথ ভাবে পরিপালন করিতেছেন কি না :

১০. আবেদনকারীর বিরুদ্ধে বিগত এক বছরে কোন শাস্তিমূলক/শৃংখলামূলক ব্যবস্থা গৃহীত হইলে উহার বিবরণ :

১১. আবেদনকারী, তাহার জন্য প্রযোজ্য, সনদের শর্তাবলীসহ বিধিমালার দ্বিতীয় তফসিলে বর্ণিত আচরণ বিধি যথাযথভাবে পরিপালন করিতেছে কি না এবং তাহার কাগজপত্রাদিতে উহা প্রতিফলিত হইয়াছে কি না; না হইয়া থাকিলে উহার বিবরণ

ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নিয়ন্ত্রণকারী কর্মকর্তা

তারিখ : -------------

----------স্টক এক্সচেঞ্জ লিঃ]

# দ্বিতীয় তফসিল

[বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০২৩ এর বিধি ১০(১), ১৪ দ্রষ্টব্য]

## স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধিদের আচরণ বিধি

### সকলের ক্ষেত্রে প্রযোজ্য আচরণ বিধি

১। **সততা, দক্ষতা ইত্যাদি।-** প্রত্যেক স্টক-ডিলার, স্টক-ব্রোকার বা তৎ কোন কর্মকর্তা ও অনুমোদিত প্রতিনিধিকে তাহার ব্যবসা ও এতদ্‌সংক্রান্ত কার্যাদি পরিচালনার ক্ষেত্রে সুনাম, দক্ষতা, বিশ্বস্ততা ও সততা বজায় রাখিতে হইবে।

২। **মক্কেলের প্রতি কর্তব্য।-** (১) প্রত্যেক স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি তাহার মক্কেলের সহিত কায়-কারবারের সময় বিশ্বস্ততার সহিত তাহাদের ফরমায়েস মোতাবেক মক্কেলের জন্য সর্বোত্তম বাজার দরে সিকিউরিটি ক্রয় বা বিক্রয় করিবেন।

(২) তিনি মক্কেলের প্রদত্ত সুনির্দিষ্ট তথ্য ভিত্তিক ফরমায়েস অনুসারে সিকিউরিটি ক্রয়-বিক্রয় এবং উহার কারবার করিবেন এবং মক্কেলের ফরমায়েস মোতাবেক ক্রয় বিক্রয় করিতে পারিলেন কি না তাহা যথাসময়ে লিখিতভাবে তাহাকে অবহিত করিবেন এবং কোন সিকিউরিটি বিক্রয় করিয়া থাকিলে বিক্রয় লব্ধ অর্থ মক্কেলকে যথাসময়ে পরিশোধ করিবেন এবং ক্রয় করিয়া থাকিলে ক্রয়কৃত সিকিউরিটি এবং সংশ্লিষ্ট চুক্তিপত্র উহা সম্পাদনের পর যথাসময়ে মক্কেলকে সরবরাহ করিবেন।

(৩) প্রত্যেক স্টক-ডিলার, স্টক-ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধি তাহার মক্কেলের সহিত লেনদেনের ব্যাপারে মক্কেলকে সর্বপ্রকার প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করিবেন এবং তিনি জ্ঞাতসারে বা ইচ্ছাকৃতভাবে তাহার মক্কেলকে এমন কোন দলিল সরবরাহ করিবেন না যাহা কু-সরবরাহ (Bad delivery) রূপে পরিগণিত হয় এবং কোন ক্ষেত্রে এইরূপ দলিল সরবরাহ করা হইলে যথাশীঘ্র প্রয়োজীয়ন প্রতিকার গ্রহণ করিবেন।

(৪) প্রত্যেক স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি নির্ধারিত ফরমে প্রতিটি সিকিউরিটি স্ক্রিপওয়ারী (Scrip-wise) ক্রয় বা বিক্রয়ের চুক্তিপত্র মক্কেলকে সরবরাহ করিবেন এবং সকল লেনদেন সংক্রান্ত ব্যাপারে পরিশোধযোগ্য বিল এবং প্রাপ্তি ও তাহার দালালী পৃথকভাবে দেখাইয়া তাহার মক্কেলকে সরবরাহ করিবেন।

(৫) কোন স্টক-ডিলার, স্টক-ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধি অন্য কোন ব্যক্তির নিকট তাহার মক্কেলের কোন তথ্য প্রকাশ করিবেন না বা মক্কেলের সহিত ব্যবসায়িক সম্পর্ক গড়িয়া উঠার সুবাদে জ্ঞাত তাহার ব্যক্তিগত বিনিয়োগ সংক্রান্ত তথ্যাবলীর অপব্যবহার করিবেন না; তবে প্রয়োজন বোধে মক্কেলের লেনদেন সংক্রান্ত তথ্যাদি সময়ে সময়ে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে সরবরাহ করিতে বাধ্য থাকিবেন।

(৬) কোন স্টক-ডিলার, স্টক-ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধি কোন সিকিউরিটি লেন-দেনের জন্য গ্রহণ করার পূর্বে যাচাই পূর্বক উহার নির্ভেজালতা সম্পর্কে নিশ্চিত হইবেন, এবং কোন অবস্থাতেই ক্রটিপূর্ণ (যাহার মধ্যে কোন প্রকার জাল, ভুয়া, বিতর্কিত, হারানো, অকার্যকর বা ক্রটিপূর্ণ সিকিউরিটি অর্ন্তভূক্ত) সিকিউরিটির লেন-দেন করিবেন না বা করিতে কাহাকেও উৎসাহিত বা প্ররোচিত করিবেন না বা সহায়তা করিবেন না।

৩। **সঠিক তথ্য সরবরাহ ইত্যাদি।-** কোন স্টক-ডিলার, স্টক-ব্রোকার বা তৎ কোন কর্মকর্তা ও অনুমোদিত প্রতিনিধি শুধুমাত্র দালালী বা কমিশন লাভের উদ্দেশ্যে কাহাকেও সিকিউরিটি ক্রয় বা বিক্রয় করিতে প্রলুব্ধ করিবেন না বা কোন মিথ্যা বা বিভ্রান্তিমূলক দরপত্র (Quotation) বা অন্য কোন মিথ্যা তথ্য সরবরাহ করিবেন না বা এমন কোন মিথ্যা বা বিভ্রান্তিমূলক তথ্য সরবরাহ করিবেন না যাহাতে কোন ব্যক্তি কোন বিশেষ সিকিউরিটি ক্রয় বা বিক্রয় বা অন্যবিধভাবে হস্তান্তর করিতে প্রলুব্ধ হন।

৪। **বিনিয়োগের পরামর্শ।-** কোন স্টক ডিলার, স্টক ব্রোকার বা তৎ কোন কর্মকর্তা বা অনুমোদিত প্রতিনিধি তাহার কোন মক্কেলকে সিকিউরিটি ক্রয় বা বিক্রয় বা সংরক্ষণের জন্য কোন পরামর্শ দিবেন না যতক্ষণ পর্যন্ত না মক্কেলের আর্থিক পরিস্থিতি বিনিয়োগের উদ্দেশ্য ও সিকিউরিটি সংরক্ষণ সংক্রান্ত ব্যাপারে মক্কেল প্রদত্ত তথ্য হইতে ইহা প্রতীয়মান হয় যে, বিনিয়োগের সুপারিশ মক্কেলের জন্য সুবিধাজনক হইবে এবং এতদুদ্দেশ্যে তিনি যখনই যথোপযুক্ত মনে করিবেন তখনই মক্কেলের নিকট হইতে প্রয়োজনীয় তথ্য অনুসন্ধান করিবেন।

৫। **কমিশন ও এক্সচেঞ্জের প্রতি দায়িত্ব।-** প্রত্যেক স্টক-ডিলার, স্টক-ব্রোকার বা তৎ কোন কর্মকর্তা ও অনুমোদিত প্রতিনিধি কমিশন বা স্টক এক্সচেঞ্জ বা উহার ক্ষমতাপ্রদত্ত কোন কর্মকর্তার নির্দেশ অনুযায়ী দাখিলযোগ্য সকল হিসাব বহি, রেজিষ্টার, প্রতিবেদন, দলিল বা অন্যান্য কাগজপত্র দাখিল করিবেন এবং তদন্ত বা পরিদর্শনের ক্ষেত্রে তদন্তকারী বা পরিদর্শককে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করিবেন এবং এই সকল ক্ষেত্রে তিনি কোন মিথ্যা বা বিভ্রান্তিকর তথ্য বা কাগজপত্র দাখিল করিবেন না।

৬। **নিজ স্বার্থসিদ্ধির জন্য অপকৌশল প্রয়োগ নিষিদ্ধ।-** কোন স্টক-ডিলার, স্টক-ব্রোকার বা তৎ কোন কর্মকর্তা বা অনুমোদিত প্রতিনিধি নিজ স্বার্থ সিদ্ধির জন্য কোন অপকৌশলের আশ্রয় লইতে পারিবেন না, কাহাকেও ঠকানো বা প্রবঞ্চনার উদ্দেশ্যে কোন লেনদেন করিতে পারিবেন না বা নিজ স্বার্থ সিদ্ধির উদ্দেশ্যে অথবা বাজারের ভারসাম্য বিনষ্ট করার উদ্দেশ্যে কোন গুজব ছড়াইতে বা কার্যক্রম পরিচালনা করিতে পারিবেন না।

৭। **কৃত্রিম বাজার সৃষ্টি নিষিদ্ধ।-** কোন স্টক-ডিলার, স্টক-ব্রোকার বা তৎ কোন কর্মকর্তা বা অনুমোদিত প্রতিনিধি এককভাবে অথবা অন্যান্যদের সহিত সম্মিলিতভাবে কোন কৃত্রিম বাজার সৃষ্টি করিতে পারিবেন না যাহা সাধারণ বিনিয়োগকারীদের জন্য ক্ষতিকর হইবে অথবা বাজারের সুষ্ঠু ও অবাধ কার্যকারিতা বাধাগ্রস্থ করিবে।

৮। **সন্দেহজনক কার্যক্রম সম্পর্কে অবহিতকরণ।-** সিকিউরিটিজ ক্রয়-বিক্রয় ও লেনদেন সংক্রান্ত কোন প্রকার সন্দেহমূলক কার্যক্রম কোন স্টক-ডিলার, স্টক-ব্রোকার বা তৎ কোন কর্মকর্তা কিংবা অনুমোদিত প্রতিনিধির গোচরে আসার সাথে সাথেই তিনি উহা সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ ও কমিশনকে লিখিতভাবে অবহিত করিতে বাধ্য থাকিবেন।

৯। **মানিলন্ডারিং এবং ঝুঁকি ব্যবস্থাপনা।** (ক) স্টক-ব্রোকার অনলাইন এবং অফ-লাইন উভয় ক্ষেত্রে তার মক্কেলের হিসাব (BO হিসাব) খোলার সময় হিসাব ফরম যথাযথভাবে পূরণ এবং গ্রাহক পরিচিতি (KYC) নিশ্চিত করিবে ও সিকিউরিটির লেনদেন নিশ্চিত করিবে।

(খ) অর্থ পাচারের সাথে সম্পর্কিত ঝুঁকি বিবেচনা করে, বুথের লেনদেনগুলি মানি লন্ডারিং বিরোধী সংক্রান্ত বিধি, প্রবিধান এবং নির্দেশিকা অনুসরণ করিবে এবং মেনে চলিবে।

(গ) স্টক-ব্রোকার প্রতিটি বুথ এবং এর ডেটা সার্ভারের জন্য আগুন, সিস্টেম হ্যাকিং এবং অন্যান্য অভ্যন্তরীণ ও বাহ্যিক ঝুঁকির কারণ হইতে যথাযথ নিরাপত্তা ও নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করিবে।

(ঘ) সিকিউরিটিজের লেনদেন বা ক্রয়-বিক্রয় প্রধান কার্যালয় বা বুথ নিয়ন্ত্রণকারী শাখার বিবেচনায় সম্পাদিত হইবে এবং সিকিউরিটিজ স্থানান্তর ডিপোজিটরির সাথে রক্ষিত ডিপোজিটরি অ্যাকাউন্টের মাধ্যমে পরিচালিত হইবে।

**অনুমোদিত প্রতিনিধির ক্ষেত্রে প্রযোজ্য বিশেষ আচরণ বিধি**

১০। স্ক্রিপ **(Scrip) ও মক্কেল-ওয়ারী বিভাজন।-** প্রত্যেক অনুমোদিত প্রতিনিধি তাহার উপরস্থ স্টক ব্রোকার বা স্টক ডিলারের নিকট হইতে যেভাবে বিভিন্ন একক ইউনিট (Denomination) স্ক্রিপ (Scrip) সরবরাহ পাইয়াছেন সেইভাবে তাহা স্ক্রিপ ওয়ারী (Scrip-wise) এবং মক্কেলওয়ারী বিভাজন করিবেন।

১১। প্রত্যেক অনুমোদিত প্রতিনিধি তাহার মক্কেলের সহিত কারবার করিবার সময় তাহাকে অবহিত করিবেন যে, তিনি একজন প্রতিনিধি হিসাবে কাজ করিতেছেন এবং তিনি যে স্টক ব্রোকার বা স্টক ডিলারের অধীনস্থ তাহার বিনা অনুমতিতে তাহার মক্কেলের ফরমায়েশ অনুযায়ী কোন ক্রয় বা বিক্রয় সমন্বিত করিতে পারিবেন না।

## তৃতীয় তফসিল

[বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০২৩ এর বিধি ১০(১), ১১(১), ১১(৫), ১১(৬), ১৪ দ্রষ্টব্য]

**১। ব্রাঞ্চ বা বুথ (তথা, ডিজিটাল বুথ) খুলিবার জন্য যোগ্যতাঃ—**

স্টক-ব্রোকার কর্তৃক ব্রাঞ্চ অফিস বা বুথ খুলিবার ক্ষেত্রে এই নির্দেশাবলীর অধীনে নিম্নলিখিত শর্তাবলী পূরণ করিতে হইবে:

(ক) স্টক-ব্রোকারের পরিচালনা পর্ষদ কর্তৃক ব্রাঞ্চ অফিস বা বুথ খুলিবার গৃহীত সিদ্ধান্তের উপর স্টক এক্সচেঞ্জের প্রয়োজনীয় অনুমোদন গ্রহণ করিতে হইবে।

(খ) স্টক-ব্রোকারের প্রস্তাবিত ব্রাঞ্চ অফিস বা বুথে পরিষেবা প্রদানের জন্য সংশ্লিষ্ট স্টক-ব্রোকারের পেশাগত দক্ষতা এবং সক্ষমতা থাকিতে হইবে এবং এই জন্য প্রতিটি ব্রাঞ্চে বা বুথে কমপক্ষে দুইজন অনুমোদিত প্রতিনিধি, একজন পরিপালন কর্মকর্তা এবং একজন ব্রাঞ্চ ব্যবস্থাপক থাকিতে হইবে। যদি একটি ব্রাঞ্চে বা বুথে দুইটির বেশি ট্রেডিং ওয়ার্কস্টেশন (TWS) থাকে, তাহলে প্রতিটি অতিরিক্ত TWS-এর জন্য একজন অতিরিক্ত অনুমোদিত প্রতিনিধি নিয়োগ করিতে হইবে।

(গ) স্টক-ব্রোকার কর্তৃক প্রতিটি ব্রাঞ্চ বা বুথে কমপক্ষে দুটি ট্রেডিং ওয়ার্ক স্টেশন (TWS) স্থাপন করিতে হইবে।

(ঘ) ব্রাঞ্চ অফিস বা বুথের কার্যক্রম সুচারুভাবে সম্পন্ন করিবার লক্ষ্যে স্টক-ব্রোকারের ব্রাঞ্চ বা বুথ অফিসের জন্য পর্যাপ্ত স্পেস থাকিতে হইবে। যদি ব্রাঞ্চ বা বুথ অফিস স্পেস স্টক ব্রোকারের মালিকানাধীন না হয়, তাহলে ব্রাঞ্চ বা বুথ অফিস স্পেস ন্যূনতম পাঁচ বছরের জন্য ভাড়া নেওয়ার চুক্তি থাকিতে হইবে এবং ব্রাঞ্চ বা বুথের কার্যক্রম চলমান রাখার লক্ষ্যে ভাড়াচুক্তি নিয়মিত নবায়ন করিতে হইবে।

(ঙ) ব্রাঞ্চ অফিস বা বুথের কার্যক্রম সুচারুভাবে সম্পন্ন করিবার লক্ষ্যে ব্রাঞ্চ বা বুথ অফিসের পর্যাপ্ত লজিস্টিক সাপোর্ট থাকিতে হইবে, যথা:-আসবাবপত্র, অফিস সরঞ্জাম, কম্পিউটার, বিদ্যুৎ, পানির লাইন, ওয়াশরুম, টেলিফোন লাইন, ফ্যাক্স, ই-মেইল, ফটোকপিয়ার, ইত্যাদি ।

(চ) ব্রাঞ্চ অফিস বা বুথের সামনে বা প্রধান ফটকের সামনে সংশ্লিষ্ট স্টক-ব্রোকার কোম্পানির নাম, নিবন্ধন নম্বর এবং স্টক এক্সচেঞ্জের নাম উল্লেখ করিয়া উক্ত স্টক- ব্রোকারের একটি স্পষ্ট দৃশ্যমান সাইন বোর্ড প্রদর্শন করিতে হইবে।

(ছ) ব্রাঞ্চ বা বুথ খুলিবার অনুমোদনসহ স্টক-ব্রোকারের নিবন্ধন সনদের অনুলিপি ব্রাঞ্চ বা বুথ অফিসের সার্বজনীন দৃশ্যমান স্থানে প্রদর্শন করিতে হইবে।

(জ) ডিজিটাল বুথ সরাসরি হেড অফিস বা স্টক-ব্রোকারের কোনো ব্রাঞ্চ দ্বারা নিয়ন্ত্রিত হইবে, এবং যেটি কোনো তৃতীয় পক্ষ দ্বারা পরিচালিত হইবে না।

(ঝ) ডিজিটাল বুথ সিটি কর্পোরেশন, পৌরসভা, এবং ইউনিয়ন পরিষদ সদর দপ্তর এবং বিদেশের অনুরূপ এলাকায় খুলিতে হইবে:

তবে শর্ত থাকে যে, দেশের বাহিরে ডিজিটাল বুথ স্থাপনের ক্ষেত্রে, কমিশনের অনুমোদন পাওয়ার পর স্টক ব্রোকারকে সংশ্লিষ্ট দেশের কর্তৃপক্ষের প্রয়োজনীয় অনুমতি নিতে হইবে।

(ঞ) বুথ পরিচালনার জন্য স্টক-ব্রোকারের প্রয়োজনীয় অবকাঠামো ও সুযোগ-সুবিধা, আর্থিক সক্ষমতা এবং জনবল থাকিতে হইবে।

(ট) স্টক-ব্রোকার কর্তৃক নিম্নলিখিত নিম্নলিখিত শর্তাবলীও পূরণ করিতে হইবে:

(১) অফিসিয়াল ফেসবুক পেজ এবং ওয়েবসাইট।
(২) গ্রাহক পরিষেবার জন্য প্রতিটি বুথে একটি সক্রিয় ডেডিকেটেড মোবাইল ফোন।
(৩) "প্রায়শঃ জিজ্ঞাসিত প্রশ্ন (FAQ)" এর উত্তরসহ একটি পৃথক দৃশ্যমান মেনুতে ওয়েবসাইটে বুথ দ্বারা সরবরাহ করা পরিষেবাগুলির বিশদ তথ্য।
(৪) প্রতিটি বুথে মহিলা ক্লায়েন্ট এবং শারীরিকভাবে প্রতিবন্ধী ক্লায়েন্টদের পরিষেবা প্রদানের জন্য পৃথক সুবিধা।
(৫) প্রতিটি বুথে কমপক্ষে একটি ভার্চুয়াল ট্রেডিং মনিটর বা ডিসপ্লে টিকার।
(৬) প্রতিটি বুথে নিরবচ্ছিন্ন ইন্টারনেট এবং অন্যান্য প্রয়োজনীয় পরিষেবা।
(৭) সময় সময় এক্সচেঞ্জ বা কমিশন দ্বারা নির্ধারিত অন্য যে কোন বিষয়।

**২। ব্রাঞ্চ বা বুথ (তথা, ডিজিটাল বুথ) খুলিবার আবেদন, ইত্যাদিঃ-**

(ক) যে কোনো স্টক-ব্রোকার কর্তৃক ব্রাঞ্চ খুলিবার জন্য এই তফসিলের ফরম-ক তে আবেদন করিবে এবং ডিজিটালাইজড ব্যবসায়িক কেন্দ্র হিসেবে একটি ডিজিটাল বুথ খুলিবার ও পরিচালনার জন্য সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জে একটি অনুলিপিসহ ফরম-খ-তে (তৃতীয় তফসিলে বর্ণিত ফরম-খ) কমিশনের কাছে আবেদন করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, স্টক-ব্রোকার কর্তৃক ব্রাঞ্চ বা ডিজিটাল বুথ খুলিবার জন্য সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জের সুপারিশ গ্রহণ করিবে।

(খ) ব্রাঞ্চ অফিস বা বুথ খোলার এবং পরিচালনার অনুমোদন পাওয়ার জন্য স্টক ব্রোকার কর্তৃক নিম্নলিখিত তথ্য আবেদনের সহিত দাখিল করিতে হইবে, যথা: -

(১) স্টক-ব্রোকার কোম্পানির নাম:
(২) নিবন্ধিত অফিস এবং ব্রাঞ্চ অফিস বা বুথের ঠিকানা, যদি থাকে:
(৩) প্রস্তাবিত ব্রাঞ্চ বা বুথের ঠিকানা এবং টেলিফোন নম্বর:
(৪) প্রস্তাবিত ব্রাঞ্চ বা বুথের ফ্যাক্স নম্বর এবং ই-মেইল ঠিকানা:
(৫) পরিশোধিত মূলধন:
(৬) নীট সম্পদ:
(৭) মোট মূলধন (Total Capital):
(৮) লিক্যুইড ক্যাপিটাল ব্যালেন্স:
(৯) মূলধন পর্যাপ্ততা হার (Capital Adequacy Ratio):
(১০) স্টক এক্সচেঞ্জে জমাকৃত জামানত:
(১১) অনুমোদিত প্রতিনিধি, শাখা ব্যবস্থাপক এবং পরিপালন কর্মকর্তার নাম(গুলি):

(গ) আবেদনকারীকে উল্লিখিত আবেদনের সাথে নিম্নলিখিত নথিগুলি দাখিল করিতে হইবে, যথা: -

(১) স্টক-ব্রোকার কোম্পানির পরিচালনা পর্ষদের রেজুলেশনের অনুলিপি বা উহার ব্রাঞ্চ বা বুথ খুলিবার সিদ্ধান্তের কপি প্রধান নির্বাহী কর্মকর্তা দ্বারা যথাযথভাবে প্রমাণীকৃত ।
(২) অনুমোদিত প্রতিনিধিদের নাম, ঠিকানা এবং যোগ্যতা, ব্রাঞ্চ বা বুথের ব্যবস্থাপক এবং পরিপালন কর্মকর্তার নিয়োগপত্রের অনুলিপি যাহা সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জের প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক যথাযথভাবে সত্যায়িত ।
(৩) ইউটিলিটিসমূহের সংযোগ থাকার প্রমাণক, যেমন- ডিমান্ড নোট বা যে কর্তৃপক্ষের কাছ থেকে সংযোগ নেওয়া হইয়াছিল তাহার নিকট হইতে প্রাপ্ত রসিদ, ইত্যাদি।
(৪) সংশ্লিস্ট স্টক-ব্রোকারের প্রয়োজনীয় লজিস্টিক এবং স্টাফ রিসোর্স এবং স্টক ব্রোকারের অন্যান্য পূর্বশর্তাবলি প্রস্তাবিত ব্রাঞ্চ অফিস বা বুথের কার্যক্রম শুরু করিবার পূর্বে স্টক এক্সচেঞ্জ নিশ্চিত করিবে।

(ঘ) ডিজিটাল বুথ খুলিবার নিমিত্তে ব্রোকারকে ৩০০ (টাকা তিনশত) টাকার নোটারি পাবলিকের ডায়েরিতে যথাযথভাবে তালিকাভুক্ত নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এই মর্মে একটি ঘোষণাপত্র জমা দিতে হইবে, যাহাতে গ্রাহকের যে কোনো যৌক্তিক দাবি বা আইনি দাবি বা অনাদায়ী পরিমাণের জন্য স্টক-ব্রোকার সম্পূর্ণরূপে দায়বদ্ধ হইবে:

তবে শর্ত থাকে যে, ঘোষণাপত্রটি পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী কর্মকর্তা বা স্টক ব্রোকারের কোনো পরিচালক কর্তৃক স্বাক্ষরিত হইতে হইবে।

(ঙ) স্টক-ব্রোকার সনদ/নবায়নের অনুমোদন এর অনুলিপিসহ বুথের কাজ শুরু করিবার আগে কমিশনের কাছে নিম্নলিখিত নথিও জমা দিতে হইবে:

(১) ব্রাঞ্চ বা বুথ স্থাপনের জন্য জমি বা অফিস স্পেস বা মালিকানা দালিল বা ইজারা বা ভাড়া চুক্তির একটি অনুলিপি।
(২) ব্রাঞ্চ বা বুথের কার্যক্রম শুরু করার জন্য স্থানীয় কর্তৃপক্ষের কাছ থেকে ট্রেড লাইসেন্সের একটি অনুলিপি।
(৩) বিদেশে বুথ খোলার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতির একটি প্রমাণীকৃত অনুলিপি।
(৪) কমিশন কর্তৃক সময় সময় নির্ধারিত অন্য যে কোনো দলিল।

### ৩. **ব্রাঞ্চ অফিস বা বুথ (তথা, ডিজিটাল বুথ), ইত্যাদি, পরিচালনা।**

(ক) স্টক ব্রোকারের ব্রাঞ্চ অফিস বা বুথে তার গ্রাহক পরিষেবা পরিচালনা করিবার জন্য ব্যাক অফিস সফটওয়্যার নিশ্চিত করিবে।

(খ) ব্রাঞ্চ অফিস বা বুথ হইতে কোনো শট সেল (short sell) করা যাইবে না।

(গ) কোন স্টক-ডিলার ব্রাঞ্চ অফিস হইতে উহার বাণিজ্যিক কার্যক্রম সম্পাদন করিবে না।

(ঘ) ব্রাঞ্চ অফিস বা বুথ কার্যদিবস/ট্রেডিং সময়ে খোলা রাখিতে হইবে, যাহাতে গ্রাহকরা ব্রাঞ্চ বা বুথের কর্মীদের সাথে যোগাযোগ করিতে পারে।

(ঙ) স্টক-ব্রোকার কর্তৃক Secruties and Exchange Rules, 2020 অনুযায়ী আর্থিক লেনদেন সম্পন্ন করিবে।

(চ) স্টক-ব্রোকার ব্রাঞ্চ অফিস বা বুথে সমস্ত লেনদেনের পৃথক বই এবং রেকর্ড সংরক্ষণ করিবে।

(ছ) স্টক-ব্রোকারের ব্রাঞ্চ অফিস বা বুথ এর সর্বনিম্ন ২০০টি বিও অ্যাকাউন্ট থাকিতে হইবে এবং প্রতি অর্থ বছরে ন্যূনতম ১০ (দশ) জন মক্কেলের জন্য বিও অ্যাকাউন্ট খুলিবেন।

(জ) ব্রাঞ্চ অফিস বা বুথ যে কোন পরিবর্তন (ঠিকানা, অনুমোদিত প্রতিনিধি, কমপ্লায়েন্স অফিসার, ব্রাঞ্চ বা বুথ ব্যবস্থাপক, ইত্যাদি) সংক্রান্ত তথ্যাদি উক্ত পরিবর্তনের তিন কার্যদিবস আগে এক্সচেঞ্জ এবং কমিশনকে রিপোর্ট করিতে হইবে।

(ঝ) কমিশন, স্টক এক্সচেঞ্জ এবং স্টক-ব্রোকারের সংশ্লিষ্ট গ্রাহকদেরকে কমপক্ষে তিন মাস পূর্বে তথ্য দেওয়া সাপেক্ষে বিনিয়োগকারীদের সমস্ত দাবি পরিশোধ করত ব্রাঞ্চ অফিস বা বুথ বন্ধ করিতে পারিবে।

(ঞ) বুথের কার্যক্রম আবাসিক ও অনাবাসী বাংলাদেশি (NRB) এবং বিদেশী বিনিয়োগকারীদের জন্য অ্যাকাউন্ট খোলা এবং বন্ধ করা, ট্রেডিং, অ্যাকাউন্টের ব্যালেন্স যাচাইকরণ এবং লেনদেন নিষ্পত্তি সংক্রান্ত পরিষেবাগুলির মধ্যে সীমাবদ্ধ থাকিবে।

(ট) ব্রোকারকে বুথের সমস্ত পরিষেবা ডিজিটাল আকারে প্রদান করিতে উৎসাহিত করিবে।

(ঠ) প্রতিটি ডিজিটাল বুথে, নগদ লেনদেন দৈনিক ভিত্তিতে একজন গ্রাহকের জন্য গ্রামীণ এলাকায় সর্বোচ্চ ২ লক্ষ টাকা এবং সিটি কর্পোরেশন বা পৌরসভা এলাকায় সর্বোচ্চ ৮.৭৫ লাখ টাকা পর্যন্ত সীমাবদ্ধ থাকিবে:

তবে শর্ত থাকে যে, বৈদেশিক বুথে গ্রাহকদের জন্য লেনদেনের সীমা সংশ্লিষ্ট দেশের বিধি-বিধান প্রযোজ্য হইবে:

আরও শর্ত থাকে যে, ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে লেনদেনের জন্য লেনদেনের কোনো সীমা প্রযোজ্য হইবে না।

(ড) দেশে এবং বিদেশে বুথ খুলিবার আবেদনের ক্ষেত্রে জাতীয় পরিচয় (NID) এবং KYC যাচাইয়ের জন্য পর্যাপ্ত অনুগত অ্যাড্রেসিং ক্ষমতা এবং পর্যাপ্ত সুবিধা এবং সিস্টেম বজায় রাখিতে হইবে।

(ঢ) গুজব, গুজব ভিত্তিক তথ্য এবং তথ্য নির্ভরযোগ্য উৎস যাচাই ছাড়া গ্রাহক এবং বিনিয়োগকারীদের মধ্যে বুথ হইতে তথ্য প্রচার বা ছড়াইয়া না পড়িবার লক্ষ্যে স্টক-ব্রোকারকে প্রয়োজনীয় সতর্কতা অবলম্বন করিতে হইবে।

(ণ) স্টক-ব্রোকার কমিশন কর্তৃক প্রদত্ত তার নিবন্ধন সনদের অনুলিপি এবং বুথের জন্য নির্ধারিত অনুমোদিত প্রতিনিধিদের পরিচয়পত্রের একটি অনুলিপি বুথের সর্বজন দৃশ্যমান স্থানে প্রদর্শন করিবে।

(ত) স্টক-ব্রোকার কর্তৃক সহজে দৃশ্যমান স্থানে বুথে সরবরাহ করা পরিষেবা বিভিন্নি প্রকার ফি বা চার্জ এর তালিকা প্রদর্শন করিবে।

(থ) বুথের গ্রাহকদের জন্য অভ্যন্তরীণ এবং বহির্মুখী রেমিটেন্স সম্পর্কিত সহায়ক কার্যক্রম, যদি প্রয়োজন হয়, প্রধান কার্যালয় বা ব্রোকারের সংশ্লিষ্ট শাখা দ্বারা সমর্থিত বা সম্পাদিত হইতে হইবে।

(দ) বুথের কার্যক্রম শুরু করিবার আগে, সংশ্লিষ্ট এলাকায়, স্টক-ব্রোকার উহার নিজস্ব উদ্যোগে সচেতনতা তৈরির জন্য সম্ভাব্য বিনিয়োগকারীদের মধ্যে এক বা একাধিক বিনিয়োগ শিক্ষা কর্মসূচি গ্রহণ করিতে হইবে।

(ধ) বুথের কার্যক্রম শুরু করিবার পরও স্টক ব্রোকার বিনিয়োগকারীদের মধ্যে সচেতনতা সৃষ্টির জন্য প্রতি বছরে কমপক্ষে দুইবার বিনিয়োগ শিক্ষা কর্মসূচির আওতায় প্রশিক্ষণের আয়োজন করিবে:

তবে শর্ত থাকে যে, বিনিয়োগকারীদের অংশগ্রহণ নিশ্চিত করিবার জন্য বিনিয়োগ শিক্ষা কর্মসূচিগুলি অন-লাইন এবং অফ-লাইন উভয় প্ল্যাটফর্মে করা যাইবে।

(ন) স্টক-ব্রোকার সংশ্লিষ্ট দেশের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রয়োজন অনুসারে, প্রযোজ্য হইলে বিদেশি কার্যক্রমে বীমার প্রয়োজনীয়তা নিশ্চিত করিবার ব্যবস্থা করিবে।

**৪. মানি লন্ডারিং এবং ঝুঁকি ব্যবস্থাপনা।–**

(ক) স্টক-ব্রোকার অনলাইন এবং অফ-লাইন উভয় ক্ষেত্রেই B.O অ্যাকাউন্ট ব্যবহার এবং পরিচালনার জন্য প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করিবে।

(খ) মানি লন্ডারিং সম্পর্কিত ঝুঁকি বিবেচনা করিয়া, ব্রাঞ্চ বা বুথের লেনদেনগুলি মানি লন্ডারিং-বিরোধী সংক্রান্ত নিয়ম, বিধি-বিধান এবং নির্দেশিকা অনুসরণ করিবে এবং মানিয়া চলিবে।

(গ) স্টক-ব্রোকার প্রতিটি ব্রাঞ্চ বা বুথ এবং ইহার ডেটা সার্ভারের জন্য আগুন, সিস্টেম হ্যাকিং এবং অন্যান্য অভ্যন্তরীণ ও বাহ্যিক ঝুঁকির কারণ থেকে যথাযথ নিরাপত্তা ও নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করিবে।

(ঘ) সিকিউরিটিজের লেনদেন বা ক্রয়-বিক্রয় প্রধান কার্যালয় বা বুথ নিয়ন্ত্রণকারী ব্রাঞ্চ কর্তৃক সম্পাদিত হইবে এবং সিকিউরিটিজ স্থানান্তর ডিপজিটরির সহিত রক্ষিত ডিপোজিটরি অ্যাকাউন্টের মাধ্যমে সম্পাদিত হইবে।

**৫. স্টক এক্সচেঞ্জ কর্তৃক অভিযোগ পরিচালনা, পর্যবেক্ষণ।**—

(ক) প্রতিটি বুথের নিজস্ব অভিযোগ নিস্পত্তি ব্যবস্থা (Complaint Handling Mechanism) থাকিবে এবং অভিযোগ পাওয়ার জন্য একটি ডিজিটাল প্ল্যাটফর্ম বজায় রাখিতে হইবে:

তবে শর্ত থাকে যে, স্টক-ব্রোকার কর্তৃক ডিজিটাল অভিযোগ প্ল্যাটফর্মে প্রাপ্ত অভিযোগের প্রতিটি অভিযোগ নিষ্পত্তির যথাযথ তথ্যাদি/দলিলাদি সংরক্ষণ করিবে।

(খ) স্টক-ব্রোকার কর্তৃক বুথের কার্যক্রম সম্পর্কে স্টক এক্সচেঞ্জে রিপোর্ট করিবে এবং সেই সাথে অভিযোগের নিষ্পত্তি বা অমীমাংসিত দাবি বা অভিযোগের প্রতি ত্রৈমাসিক শেষ হওয়ার দশ (১০) কার্যদিবসের মধ্যে অমীমাংসিত থাকিবার কারণ উল্লেখপূর্বক প্রতিবেদন দাখিল করিবে।

(গ) স্টক এক্সচেঞ্জ উক্ত প্রতিবেদন প্রাপ্তির পনের (১৫) কার্যদিবসের মধ্যে কমিশনের কাছে উপরের দফা (খ) এর অধীনে প্রাপ্ত সমস্ত প্রতিবেদনের একটি সারসংক্ষেপ কমিশনে দাখিল করিবে।

(ঘ) সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ অর্ডিন্যান্স, ১৯৬৯ এর অধীনে কমিশন কোনো অ-সম্মতি বা অমীমাংসিত দাবির জন্য সংশ্লিষ্ট স্টক-ব্রোকারের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করিবে।

৬. **স্টক এক্সচেঞ্জ কর্তৃক তত্ত্বাবধান এবং রিপোর্টিং।**

(ক) স্টক এক্সচেঞ্জ যুক্তিসংগত কোন কার্য কারণ উদ্ভব হইলে এবং নিয়মিত ভিত্তিতে উহার স্টক-ব্রোকারদের সমস্ত ব্রাঞ্চ অফিস বা বুথ কমপক্ষে প্রতি তিন মাসে একবার পরিদর্শন করিবে এবং নিয়মিত ভিত্তিতে কমিশনে রিপোর্ট করিতে হইবে।

(খ) স্টক এক্সচেঞ্জ উহার স্টক ব্রোকারদের ব্রাঞ্চ বা বুথের লেনদেন এবং কার্যক্রমের উপর পরবর্তী মাসের প্রথম সপ্তাহের মধ্যে একটি প্রতিবেদন সংগ্রহ করিবে এবং সাত দিনের মধ্যে কমিশনের কাছে একটি সারসংক্ষেপ প্রতিবেদন দাখিল করিতে হইবে।

(গ) স্টক এক্সচেঞ্জ প্রতিটি স্টক-ব্রোকারের নিকট হইতে প্রাপ্ত অর্ধ-বার্ষিক সামগ্রিক ট্রেডিং আয়-ব্যয় এবং সম্পদ ও দায়দেনার অবস্থানসহ স্টক-ব্রোকারের Total Capital, Liquid Capital Balance এবং Capital Adequacy Ratio তুলে ধরে পৃথক প্রতিবেদন বছরের ৩০শে জুন এবং ৩১শে ডিসেম্বর শেষ হওয়া অর্ধ-বছর পূর্ণ হওয়ার পরের মাসের শেষ দিনের মধ্যে দাখিল করিতে হইবে।

ফরম- 'ক'

ব্রাঞ্চ খুলিবার জন্য আবেদন

১. স্টক ব্রোকারের নাম:

২. ---------তারিখে স্টক-ব্রোকারের পরিশোধিত মূলধন [বিধি ৪(১)(ঘ)]:

৩. ---------- তারিখে নীট সম্পদ (Net Worth) [৪(১)(ঘ)(ঐ)] :

৪. ---------- তারিখে স্টক-ব্রোকারের টোটাল ক্যাপিটাল [Securities and Exchange Rules, 2020 এবং Bangladesh Securities and Exchange Commission (Risk Based Capital Adequacy) Rules, 2019 এর সংশ্লিষ্ট বিধি দ্রষ্টব্য] :

৫.------- তারিখে লিক্যুইড ক্যাপিটাল ব্যালেন্স [Securities and Exchange Rules, 2020 এবং Bangladesh Securities and Exchange Commission (Risk Based Capital Adequacy) Rules, 2019 এর সংশ্লিষ্ট বিধি দ্রষ্টব্য] :

৬.------- তারিখে Capital Adequacy Ratio [Securities and Exchange Rules, 2020 এবং Bangladesh Securities and Exchange Commission (Risk Based Capital Adequacy) Rules, 2019 এর সংশ্লিষ্ট বিধি দ্রষ্টব্য] :

৭.------- তারিখে সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জে স্টক-ব্রোকারের জমাকৃত জামানতের পরিমাণ :

৮. বার্ষিক নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন এর কপি :

৯. স্টক-ব্রোকার এর পরিচালক গণের CIB সংক্রান্ত ঘোষণাপত্র (বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত ফরমাটে) :

১০. অফিস স্পেশ এর জন্য ভাড়ার চুক্তিনামা (প্রযোজ্য ক্ষেত্রে) :

১১. লজিস্টিক সাপোর্ট (আসবাবপত্র, অফিস সরঞ্জাম, কম্পিউটার, বিদ্যুৎ, পানির লাইন, ওয়াশরুম, টেলিফোন লাইন, ফ্যাক্স, ই-মেইল, ফটোকপিয়ার, ইত্যাদি) সংক্রান্ত স্টক এক্সচেঞ্জ কর্তৃক প্রদত্ত প্রতিবেদন :

১২. বুথ/ব্রাঞ্চের সংখ্যা:

১৩. প্রস্তাবিত বুথের ঠিকানা (মেলিং ঠিকানা), (নীচের চার্ট অনুযায়ী):

| |
|---|
| ভবনের নাম (যদি থাকে):<br>হোল্ডিং নম্বর:<br>রাস্তা নম্বর (যদি থাকে):<br>গ্রাম/এলাকা (যদি থাকে):<br>ওয়ার্ড নম্বর:<br>ইউনিয়ন/সিটি কর্পোরেশন/পৌরসভা:<br>থানা:<br>জেলা:<br>দেশ: |

১৪. ব্রাঞ্চ প্রতিষ্ঠার উদ্দেশ্য:

১৫. প্রধান কার্যালয়/নিয়ন্ত্রক অফিস হইতে দূরত্ব:

১৬. স্টক ব্রোকার বা এর পরিচালকের সাথে নির্বাচিত বিল্ডিংয়ের মালিকদের মধ্যে সম্পর্কের বিস্তারিত তথ্য, যদি থাকে:

১৭. প্রস্তাবিত ব্রাঞ্চের জন্য ভাড়া এবং অন্যান্য খরচ:

১৮. প্রস্তাবিত ব্রাঞ্চ খুলিবার খরচের বিবরণ: (নীচের সারণীর কাঠামো অনুসরণ করিয়া এই ফরমের সহিত ব্যয়ের বিভাগগুলির বিস্তারিত তথ্য আলাদাভাবে সংযুক্ত করিতে হইবে।)

| ক্রম নং | ব্যয়ের প্রধান/ খরচের পরিমাণ | (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|
| | | | |

| | | | |
|---|---|---|---|
| | বর্ণনা | | |

১৯. নিরাপত্তা নিশ্চিত করার জন্য গৃহীত ব্যবস্থা: (সিকিউরিটি গার্ড/ আর্ম গার্ড, সিসিটিভি, ইত্যাদি)
২০. ব্রাঞ্চের কর্মচারীর সংখ্যা:
২১. অন্যান্য তথ্য, যদি থাকে:
২২. অগ্নি নির্বাপণ এবং অগ্নি ঝুঁকি প্রতিরোধের সুবিধা:
২৩. নিকটস্থ হাসপাতাল, পুলিশ স্টেশন এবং ফায়ার সার্ভিস স্টেশনের জরুরি যোগাযোগ নম্বর(গুলি) এবং ঠিকানা(গুলি):
২৪. আবেদনের সময় যে তথ্য পাওয়া যায়না সেগুলি অপারেশন শুরু করার আগে স্টক এক্সচেঞ্জ এবং কমিশনে জমা দিতে হইবে।

আমি এতদ্বারা ঘোষণা করিতেছি যে এই আবেদনে প্রদত্ত তথ্য আমার সর্বোত্তম জ্ঞান এবং বিশ্বাস অনুসারে সত্য এবং সঠিক।

তারিখ:____________

_____________________________
আবেদনকারীর স্বাক্ষর এবং সীল

২৫. স্টক এক্সচেঞ্জ দ্বারা সুপারিশ:

আমরা এতদ্বারা প্রত্যায়িত করিতেছি যে, আবেদনকারী ________________________ (আবেদনকারীর নাম) একজন TREC ধারক, যার TREC_______ তারিখ___________ নম্বর রহিয়াছে। পূর্বোক্ত ব্রাঞ্চ খুলিবার ব্যাপারে আমাদের কোনো আপত্তি নেই এবং আমরা উল্লিখিত ব্রাঞ্চ খুলিবার জন্য আমাদের সুপারিশও করিতেছি।

ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নিয়ন্ত্রণকারী কর্মকর্তা
(নাম)
পদবি ও সীলমোহর তারিখ:

তারিখ:____________

ফরম- 'খ'

ডিজিটাল বুথ খোলার জন্য আবেদন

১. স্টক ব্রোকারের নাম:

২. ---------তারিখে স্টক-ব্রোকারের পরিশোধিত মূলধন ) [বিধি ৪(১)(ঘ)]:

৩. ---------- তারিখে নীট সম্পদ (Net Worth) [৪(১)(ঘ)(ঐ)] :

৪. ---------- তারিখে স্টক-ব্রোকারের টোটাল ক্যাপিটাল [Securities and Exchange Rules, 2020 এবং Bangladesh Securities and Exchange Commission (Risk Based Capital Adequacy) Rules, 2019 এর সংশ্লিষ্ট বিধি দ্রষ্টব্য] :

৫.------- তারিখে লিক্যুইড ক্যাপিটাল ব্যালেন্স [Securities and Exchange Rules, 2020 এবং Bangladesh Securities and Exchange Commission (Risk Based Capital Adequacy) Rules, 2019 এর সংশ্লিষ্ট বিধি দ্রষ্টব্য] :

৬.------- তারিখে Capital Adequacy Ratio [Securities and Exchange Rules, 2020 এবং Bangladesh Securities and Exchange Commission (Risk Based Capital Adequacy) Rules, 2019 এর সংশ্লিষ্ট বিধি দ্রষ্টব্য] :

৭.------- তারিখে সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জে স্টক-ব্রোকারের জমাকৃত জামানতের পরিমাণ :

৮. বার্ষিক নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন এর কপি :

৯. স্টক-ব্রোকার এর পরিচালক গণের CIB সংক্রান্ত ঘোষণাপত্র (বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত ফরমাটে) :

১০. অফিস স্পেশ এর জন্য ভাড়ার চুক্তিনামা (প্রযোজ্য ক্ষেত্রে) :

১১. লজিস্টিক সাপোর্ট (আসবাবপত্র, অফিস সরঞ্জাম, কম্পিউটার, বিদ্যুৎ, পানির লাইন, ওয়াশরুম, টেলিফোন লাইন, ফ্যাক্স, ই-মেইল, ফটোকপিয়ার, ইত্যাদি) সংক্রান্ত স্টক এক্সচেঞ্জ কর্তৃক প্রদত্ত প্রতিবেদন :

১২. বুথ/ব্রাঞ্চের সংখ্যা:

১৩. প্রস্তাবিত বুথের ঠিকানা (মেলিং ঠিকানা), (নীচের চার্ট অনুযায়ী):

| |
|---|
| ভবনের নাম (যদি থাকে):<br>হোল্ডিং নম্বর:<br>রাস্তা নম্বর (যদি থাকে):<br>গ্রাম/এলাকা (যদি থাকে):<br>ওয়ার্ড নম্বর:<br>ইউনিয়ন/সিটি কর্পোরেশন/পৌরসভা:<br>থানা:<br>জেলা:<br>দেশ: |

১৪. ডিজিটাল বুথ প্রতিষ্ঠার উদ্দেশ্য:

১৫. প্রধান কার্যালয়/নিয়ন্ত্রক ব্রাঞ্চ অফিস হইতে দূরত্ব:

১৬. স্টক ব্রোকার বা এর পরিচালকের সহিত নির্বাচিত বিল্ডিংয়ের মালিকদের মধ্যে সম্পর্কের বিস্তারিত তথ্য, যদি থাকে:

১৭. প্রস্তাবিত ডিজিটাল বুথের জন্য ভাড়া এবং অন্যান্য খরচ:

১৮. প্রস্তাবিত ডিজিটাল বুথ খুলিবার খরচের বিবরণ: (নীচের সারণীর কাঠামো অনুসরণ করিয়া এই ফর্মের সহিত ব্যয়ের বিভাগগুলির বিস্তারিত তথ্য আলাদাভাবে সংযুক্ত করিতে হইবে।)

| ক্রম নং | ব্যয়ের প্রধান/ খরচের পরিমাণ | (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|
| | | | |

| | | | |
|---|---|---|---|
| | বর্ণনা | | |

১৯. নিরাপত্তা নিশ্চিত করার জন্য গৃহীত ব্যবস্থা: (সিকিউরিটি গার্ড/ আর্ম গার্ড, সিসিটিভি, ইত্যাদি)
২০. বুথে কর্মচারীর সংখ্যা:
২১. অন্যান্য তথ্য, যদি থাকে:
২২. অগ্নি নির্বাপণ এবং অগ্নি ঝুঁকি প্রতিরোধের সুবিধা:
২৩. নিকটস্থ হাসপাতাল, পুলিশ স্টেশন এবং ফায়ার সার্ভিস স্টেশনের জরুরি যোগাযোগ নম্বর(গুলি) এবং ঠিকানা(গুলি):
২৪. আবেদনের সময় যে তথ্য পাওয়া যায়না সেগুলি অপারেশন শুরু করিবার আগে স্টক এক্সচেঞ্জ এবং কমিশনে জমা দিতে হইবে।

আমি এতদ্বারা ঘোষণা করিতেছি যে এই আবেদনে প্রদত্ত তথ্য আমার সর্বোত্তম জ্ঞান এবং বিশ্বাস অনুসারে সত্য এবং সঠিক।

তারিখ:____________

______________________________
আবেদনকারীর স্বাক্ষর এবং সীল

২৫. স্টক এক্সচেঞ্জ দ্বারা সুপারিশ:

আমরা এতদ্বারা প্রত্যায়িত করিতেছি যে, আবেদনকারী ________________________ (আবেদনকারীর নাম) একজন TREC ধারক, যার TREC_______ তারিখ___________ নম্বর রহিয়াছে। পূর্বোক্ত ডিজিটাল বুথ খুলিবার ব্যাপারে আমাদের কোনো আপত্তি নাই এবং আমরা উল্লিখিত ডিজিটাল বুথ খুলিবার জন্য আমাদের সুপারিশও করিতেছি।

ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নিয়ন্ত্রণকারী কর্মকর্তা

(নাম)
পদবি ও সীলমোহর তারিখ:

তারিখ:____________

ফরম- 'গ'

ডিজিটাল বুথ স্থানান্তরের জন্য আবেদন

১. স্টক ব্রোকারের নাম:

২. ---------তারিখে স্টক-ব্রোকারের পরিশোধিত মূলধন ) [বিধি ৪(১)(ঘ)]:

৩. ---------- তারিখে নীট সম্পদ (Net Worth) [৪(১)(ঘ)(ঐ)] :

৪. ---------- তারিখে স্টক-ব্রোকারের টোটাল ক্যাপিটাল [Securities and Exchange Rules, 2020 এবং Bangladesh Securities and Exchange Commission (Risk Based Capital Adequacy) Rules, 2019 এর সংশ্লিষ্ট বিধি দ্রষ্টব্য] :

৫.------- তারিখে লিক্যুইড ক্যাপিটাল ব্যালেন্স [Securities and Exchange Rules, 2020 এবং Bangladesh Securities and Exchange Commission (Risk Based Capital Adequacy) Rules, 2019 এর সংশ্লিষ্ট বিধি দ্রষ্টব্য] :

৬.------- তারিখে Capital Adequacy Ratio [Securities and Exchange Rules, 2020 এবং Bangladesh Securities and Exchange Commission (Risk Based Capital Adequacy) Rules, 2019 এর সংশ্লিষ্ট বিধি দ্রষ্টব্য] :

৭.------- তারিখে সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জে স্টক-ব্রোকারের জমাকৃত জামানতের পরিমাণ :

৮. বার্ষিক নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন এর কপি :

৯. স্টক-ব্রোকার এর পরিচালক গণের CIB সংক্রান্ত ঘোষণাপত্র (বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত ফরমাটে) :

১০. অফিস স্পেশ এর জন্য ভাড়ার চুক্তিনামা (প্রযোজ্য ক্ষেত্রে) :

১১. লজিস্টিক সাপোর্ট (আসবাবপত্র, অফিস সরঞ্জাম, কম্পিউটার, বিদ্যুৎ, পানির লাইন, ওয়াশরুম, টেলিফোন লাইন, ফ্যাক্স, ই-মেইল, ফটোকপিয়ার, ইত্যাদি) সংক্রান্ত স্টক এক্সচেঞ্জ কর্তৃক প্রদত্ত প্রতিবেদন :

১২. ডিজিটাল বুথের অনুমোদন পত্রের রেফারেন্স:

১৩. প্রস্তাবিত বুথের ঠিকানা (মেলিং ঠিকানা) (নীচের চার্ট অনুযায়ী):

| |
|---|
| ভবনের নাম (যদি থাকে):<br>হোল্ডিং নম্বর:<br>রাস্তা নম্বর (যদি থাকে):<br>গ্রাম/এলাকা (যদি থাকে):<br>ওয়ার্ড নম্বর:<br>ইউনিয়ন/সিটি কর্পোরেশন/পৌরসভা:<br>থানা:<br>জেলা:<br>দেশ: |

১৪. বর্তমান বিল্ডিং এবং প্রস্তাবিত বিল্ডিংয়ের মধ্যে দূরত্ব:

১৫. প্রস্তাবিত ভবনটি কি বুথ স্থানান্তরের জন্য উপযুক্ত:

১৬. স্টক ব্রোকারের সাথে নির্বাচিত ভবনের যেকোনো পরিচালকের সম্পর্কের বিস্তারিত তথ্য, যদি থাকে:

১৭. ডিজিটাল বুথ স্থানান্তর সংক্রান্ত ভাড়া তথ্য:

| ভাড়ার তথ্য | বর্তমান ঠিকানা | প্রস্তাবিত ঠিকানা |
|---|---|---|
| ১৭.১ মেঝে স্থানের আকার:<br>১৭.২ ভাড়া (প্রতি বর্গফুট): | | |

| | | |
|---|---|---|
| ১৭.৩ অন্যান্য চার্জ:<br>১৭.৪ অগ্রিম প্রদানের পরিমাণ:<br>১৭.৫ ভাড়া বৃদ্ধির হার:<br>১৭.৬ ভাড়ার সময়কাল: | | |

১৮. ডিজিটাল বুথে জনবলের সংখ্যা:

১৯. ডিজিটাল বুথ স্থানান্তরের জন্য ব্যয়ের বিবরণ: (নীচের সারণীর কাঠামো অনুসরণ করে এই ফর্মের সাথে ব্যয়ের বিভাগগুলির বিস্তারিত তথ্য আলাদাভাবে সংযুক্ত করিতে হইবে।)

| ক্রম নং | ব্যয়ের প্রধান/ খরচের পরিমাণ বর্ণনা | (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|

২০. ডিজিটাল বুথ স্থানান্তরের কারণ:

২১. নিরাপত্তা নিশ্চিত করার জন্য পদক্ষেপ/পদক্ষেপ/ব্যবস্থা নেওয়া হবে: (সিকিউরিটি গার্ড/ আর্ম গার্ড, সিসিটিভি, ইত্যাদি)

২২. অগ্নি নির্বাপণ এবং অগ্নি ঝুঁকি প্রতিরোধের সুবিধা:

২৩. নিকটস্থ হাসপাতাল, পুলিশ স্টেশন এবং ফায়ার সার্ভিস স্টেশনের জরুরি যোগাযোগ নম্বর(গুলি):

২৪. যখন বর্তমান অবস্থানের ক্লায়েন্টদের স্থানান্তরের সিদ্ধান্ত সম্পর্কে অবহিত করিতে হইবে:

২৫. অন্যান্য তথ্য, যদি থাকে:

আমি এতদ্বারা ঘোষণা করিতেছি যে এই আবেদনে প্রদত্ত তথ্য আমার সর্বোত্তম জ্ঞান এবং বিশ্বাস অনুসারে সত্য এবং সঠিক।

তারিখ:____________

________________________________

(আবেদনকারীর স্বাক্ষর ও সীলমোহর)

২৬. স্টক এক্সচেঞ্জ দ্বারা সুপারিশ:

আমরা এতদ্বারা প্রত্যায়িত করিতেছি যে, আবেদনকারী ________________________ (আবেদনকারীর নাম) একজন TREC ধারক, যার TREC_______ তারিখ___________ নম্বর রহিয়াছে। ডিজিটাল বুথ স্থানান্তরের জন্য সুপারিশ প্রদান করা হইল।

ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নিয়ন্ত্রণকারী কর্মকর্তা
(নাম)
তারিখ:

পদবি ও সীলমোহর

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে

অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম
চেয়ারম্যান।